আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

বলুন, আমরা ঈমান এনেছি আল্লাহর উপর এবং যা কিছু অবতীর্ণ হয়েছে আমাদের উপর, ইব্রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়াকুব এবং তাঁদের সন্তানবর্গের উপর আর যা কিছু পেয়েছেন মূসা ও ঈসা এবং অন্যান্য নবী রসূলগণ তাঁদের পালনকর্তার পক্ষ থেকে। আমরা তাঁদের কারো মধ্যে পার্থক্য করি না। আর আমরা তাঁরই অনুগত। সূরা আল ইমরান- ৮৪

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ১৭ অক্টোবর ২০২৬ ॥ ০৫ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ০১ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৩২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

দুর্গাপূজায় হিন্দু সম্প্রদায়কে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশসহ সারা বিশ্বের হিন্দু সম্প্রদায়কে শারদীয় দুর্গাপূজার শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

২ এর পাতায় দেখুন

বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব চুক্তি করবে বিশ্বব্যাংক: অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

বিশ্বব্যাংকের সঙ্গে নতুন অংশীদারত্ব কাঠামো চুক্তি করতে যাচ্ছে বাংলাদেশ। আগামী দুই থেকে তিন সপ্তাহের মধ্যে বিশ্বব্যাংকের

২ এর পাতায় দেখুন



জনগণ মনে করে জামায়াতে ইসলাম একমাত্র নিরাপত্তার স্থল: ডা. শফিকুর

কীর্তনখোলা ডেস্ক

জনগণের নিরাপত্তা ও আস্থার প্রসঙ্গ তুলে জামায়াতে ইসলামীকে একমাত্র নিরাপদ আশ্রয়স্থল হিসেবে উল্লেখ করেছেন দলটির

২ এর পাতায় দেখুন

পূজা এলে নিরাপত্তা নিয়ে ভাবতে হবে না, এমন বাংলাদেশ চাই : নাহিদ ইসলাম

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, আমরা এমন একটি বাংলাদেশ চাই, যেখানে

২ এর পাতায় দেখুন

রয়ের এজেন্টদের চোখে চোখে রাখবেন: আলতাফ হোসেন

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীতে 'রয়ের এজেন্ট' আছে এবং তাদের চেনেন বলে মন্তব্য করেছেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী ও পটুয়াখালী-১ আসনের সংসদ সদস্য আলতাফ হোসেন চৌধুরী। শুক্রবার (১৬ অক্টোবর) বিকেলে পটুয়াখালীর দুমকি উপজেলার আঙ্গারিয়া ইউনিয়নের সাতানী আমির উদ্দিন স্মৃতি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এক সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এ সময় তিনি তাদের 'চোখে চোখে' রাখার আহ্বান জানান। দুমকি উপজেলা বিএনপির সদস্য ও আঙ্গারিয়া ইউনিয়ন প্রতিনিধি জহির উদ্দিন খোকনের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহসাংগঠনিক সম্পাদক মো. মজিবর রহমান, কেন্দ্রীয় তাঁতী দলের যুগ্ম আহ্বায়ক জে এম আনিসুর রহমান, পটুয়াখালী জেলা বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ওয়াহিদ সরোয়ার কালাম এবং উপজেলা বিএনপির

২ এর পাতায় দেখুন

১৭ জনের বিরুদ্ধে মামলা, গ্রেফতার ১

মাদক-জুয়া বন্ধের ঘোষণা দেয়ায় বিএনপি নেতাকে হত্যা

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে বিএনপি নেতা শুক্কুর আলী ব্যাপারী (৪০) হত্যার ঘটনায় ছাত্রদল নেতাসহ ১৭ জনকে আসামি করে মামলা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় নিহতের বাবা আব্দুস ছত্তার ব্যাপারী বাদী হয়ে মুলাদী থানায় মামলাটি করেন। এ ঘটনায় প্রধান আসামি রহমত উল্লাহ ফরাজীকে (৩৮) গ্রেফতার করা হয়েছে। এদিকে মামলার ২ নম্বর আসামি গাছুয়া ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি মো. বারেক ফরাজীকে (৩২) দল থেকে বহিষ্কার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বৃহস্পতিবার রাতে ঢাকার কোতোয়ালি থানার বাবুবাজার এলাকায় যৌথ অভিযান চালায় স্পেশাল রেসপন্স ব্যাটালিয়নের (এসআরবি) বরিশাল-৮ (সদর কোম্পানি) ও ঢাকা-১০ (সিপিসি-১) ইউনিট। এ সময় মামলার প্রধান আসামি রহমত উল্লাহ ফরাজীকে

২ এর পাতায় দেখুন

সংঘর্ষের পর বাসের নিচে মোটরসাইকেল, প্রাণ গেলো চালকের

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলার ঢাকা-বরিশাল মহাসড়কে বাসের সঙ্গে সংঘর্ষে এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন। শুক্রবার (১৬ অক্টোবর) সকাল ১০টার দিকে মহাসড়কের বার্থী ইউনিয়নের পল্লী বিদ্যুৎ অফিসের সামনে এ দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন গৌরনদী হাইওয়ে থানার এসআই মোহাম্মাদ রোমান। নিহত মোটরসাইকেল চালক অপু মাঝি (২৬) স্থানীয় কটকস্থল গ্রামের ছালেক মাঝির ছেলে। এসআই রোমান বলেন, সকালে ঢাকাগামী হানিফ পরিবহনের বাসের সঙ্গে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এ সময় মোটরসাইকেলটি বাসের নিচে ঢুকে যায়। এতে ঘটনাস্থলেই মোটরসাইকেল চালক অপু মাঝি নিহত হয়েছেন। তিনি বলেন, খবর পেয়ে হাইওয়ে থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধার করেছে। পাশাপাশি হানিফ পরিবহনটি আটক করা হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

নগরীর সৌন্দর্যমণ্ডিত চৌমাথা লেক পরিদর্শন করেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও সংরক্ষিত আসনের এমপি বেগম সেলিমা রহমান। উপস্থিত ছিলেন সিটি প্রশাসক বিলকিস জাহান শিরীন-**কীর্তনখোলা**

আইন-শৃংখলা রক্ষায় পুলিশী অভিযান জোরদার, গ্রেফতার হাজারের বেশি

কীর্তনখোলা রিপোর্ট

আইন শৃংখলা রক্ষায় মহানগরীতে লাগাতার অভিযান অব্যাহত রাখার কথা জানিয়েছে বরিশাল মহানগর পুলিশ। গত আগষ্ট থেকে ১৫ অক্টোবর পর্যন্ত ৭৬ দিনে বরিশাল মহানগরীর বিভিন্ন এলাকা থেকে বিএমপি ১ হাজার ৫৯ জনকে গ্রেফতার করেছে। যাদের একটি বড় অংশই মাদকের সাথে সম্পৃক্ত। মহানগর পুলিশ কমিশনার আবু রায়হান মোঃ সালেহ মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্সের কথা জানিয়েছেন। গত ৬ আগষ্ট বিএমপি'র ২২তম কমিশনার হিসেবে যোগ দেয়ার পরে তিনি মাদকের বিরুদ্ধে অভিযান যোরদার করা সহ এক্ষেত্রে কোন ছাড় না দেয়ার বিষয়টি জানিয়েছিলেন। তারই ধারাবাহিকতায় মহানগরীর ৪টি থানায় মাদক সহ যেকোন অপরাধের বিরুদ্ধে লাগাতার অভিযান চলছে। প্রায় প্রতি রাতেই ডিসি পদ মর্জাদার পুলিশ কর্মকর্তার

২ এর পাতায় দেখুন

প্রশ্নফাঁস চক্রে সরকারি দপ্তরের কর্মচারীরা উদ্ধার ৪৮ পাতার ব্যাংক চেক

কীর্তনখোলা ডেস্ক

যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় সংঘবদ্ধ চক্রের সাত সদস্যকে গ্রেফতার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)। গ্রেফতার ব্যক্তিদের মধ্যে পরিবেশ অধিদপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কয়েকজন কর্মকর্তা-কর্মচারী রয়েছেন বলে জানিয়েছে সংস্থাটি। গ্রেফতার ব্যক্তিদের কাছ থেকে প্রশ্নপত্রের একটি সেট, বিভিন্ন পরীক্ষার প্রবেশপত্র, ১০০ ও ৫০ টাকার স্ট্যাম্প, ব্যাংকের চেক, সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, আটটি মোবাইল ফোন ও নগদ টাকা জব্দ

২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

সকল শিক্ষাপ্রতিষ্ঠান ও পাঠাগারে নজরুল রচনাবলি কেনার দাবি

চলছে নজরুল বর্ষ। এটি বর্তমান সরকারের যুগান্তকারী একটি পদক্ষেপ। জাতীয় কবি নজরুল ইসলাম একদিকে যেমন সাহসের প্রতীক, তেমনি প্রেরণার। দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান ও সরকারি বেসরকারি পাঠাগারে নজরুল রচনাবলী রাখা অপরিহার্য ও সময়ের দাবি।

প্রতিবছর বিভিন্ন প্রতিষ্ঠান নানা কাজে লাখ লাখ টাকা খরচ করে। অথচ বই কিনতে গেলে অনেকের আগ্রহে ভাটা পড়ে। এই হীনমন্যতা কাটিয়ে নজরুল বর্ষের এই সময়ে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে নজরুল রচনাবলী কেনার উদ্যোগ নেয়া প্রয়োজন। দেশের প্রতিটি প্রাইমারি স্কুলে প্রতিবছর সরকারিভাবে স্লিপের যে টাকা বরাদ্দ দেয়া হয় তার সঠিক ব্যবহার নিশ্চিত ও তদারকি করা প্রয়োজন। এই স্লিপের টাকা থেকেও দুর্নীতি করেন কতিপয় প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সভাপতি। বাস্তবে কোন কাজ না করে, কাগজে-কলমে ভাউচার দেখান কেউ কেউ। এসব দুর্নীতির লাগাম টেনে সেখান থেকে টাকা বাচিয়েও এই নজরুল রচনাবলী কেনা যেতে পারে। সরকারি-বেসরকারি স্কুল

২ এর পাতায় দেখুন

শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে বিভিন্ন পূজামণ্ডপে আর্থিক সহায়তার চেক বিতরণ করেন বরিশাল ৫ আসনের সংসদ সদস্য অ্যাড. মজিবর রহমান সরোয়ার -**কীর্তনখোলা**

শেকড় সাহিত্য সংসদের উদ্যোগে কবি নয়ন আহমেদের জন্মদিন পালিত

কীর্তনখোলা রিপোর্ট

শেকড় সাহিত্য সংসদ, বরিশালের উদ্যোগে শেকড়ের সভাপতি কবি নয়ন আহমেদের ৫৬ তম জন্মদিন পালন করা হয়। গত ১৬ অক্টোবর (শুক্রবার) শেকড়ের ১২১৬ তম সাহিত্য আসরে কবির জন্মদিন পালনের আয়োজন করেন উপস্থিত কবি-সাহিত্যিকবৃন্দ। কবি নয়ন আহমেদ। তিনি ১৯৭১ খ্রি. সালের ১৫ অক্টোবর ঝালকাঠি জেলার নলছিটির ভবানিপুর গ্রামে জন্মগ্রহণ করেন। পিতা- মৌলবি মোহাম্মদ আবদুর রব ও মাতা- আলেয়া বেগম। কবির শৈশব-কৈশোর কাটে নিজগ্রামের দূরন্ত মাঠে-ঘাটে। ছোটোবেলা থেকেই স্রষ্টা ও তাঁর সৃষ্টির প্রতি গভীর মনোযোগী ছিলেন। তাইতো নিবিড় প্রকৃতিপ্রেম হয়ে উঠেছে কবির কবিতার ভালোবাসা। তিনি প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা গ্রামের বিদ্যালয় থেকেই সমাপ্ত করেন। এরপর তিনি বরিশাল সরকারি কলেজ থেকে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হন। কবি বাংলা সাহিত্যে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন বরিশাল সরকারি বিএম কলেজ থেকে। ছাত্রজীবন থেকেই কবি বরিশালের

২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

আগৈলঝাড়ায় ৯৭টি প্রাথমিক বিদ্যালয়ের ৩৩টিতেই নেই প্রধান শিক্ষক

আগৈলঝাড়া প্রতিনিধি

দীর্ঘদিন ধরে নতুন নিয়োগ ও পদোন্নতি বন্ধ থাকায় বরিশালের আগৈলঝাড়া উপজেলার ৩৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তীব্র শিক্ষকসংকট দেখা দিয়েছে। প্রধান শিক্ষক না থাকায় সহকারী শিক্ষকদের ভারপ্রাপ্ত হিসেবে দাপ্তরিক দায়িত্ব সামলাতে হচ্ছে। এতে শ্রেণিকক্ষে স্বাভাবিক পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হওয়ায় ভেঙে পড়েছে প্রাথমিক শিক্ষার সার্বিক শৃঙ্খলা। উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয় সূত্রে জানা গেছে, উপজেলায় মোট ৯৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৩৩টিতেই দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য। অবসরজনিত কারণ এবং দীর্ঘদিন

২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

শ্রমবাজারে বৈচিত্র্য আনা জরুরি

দেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জ মোকাবেলা করছে। বেসরকারি খাতে ঋণপ্রবাহের ধীরগতি, বিনিয়োগে অনিশ্চয়তা, শিল্প খাতে স্থবিরতা এবং লাগামহীন মূল্যস্ফীতি–সামগ্রিক অর্থনৈতিক সংকটকে সামনে আনছে। এমন চতুর্মুখী সংকটের মধ্যেও প্রবাস আয়ের ইতিবাচক ধারা অব্যাহত ছিল। বলা যায়, ঘোর সংকটকালে এটিই ছিল স্বস্তির সূচক। কিন্তু সৌদি আরবে যুদ্ধ পরিস্থিতিতে সেই প্রবাস আয় নিয়েও অনিশ্চয়তা দেখা দিয়েছে। সাম্প্রতিক সময়ে সৌদি আরব ও ইয়েমেনের হুতিদের মধ্যে নতুন করে উত্তেজনা শুরু হয়েছে। হুতিদের ধারাবাহিক হামলায় সৌদি আরবের বিমানবন্দরসহ গুরুত্বপূর্ণ স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশিরাও হতাহত হয়েছেন। এমন পরিস্থিতিতে সৌদি আরবের শ্রমবাজার নিয়ে বড় ধরনের অনিশ্চয়তা দেখা দিয়েছে। চলমান সংঘাত দীর্ঘস্থায়ী হলে আমাদের প্রবাস আয় সংকুচিত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। প্রকাশিত খবরে বলা হয়েছে, হামলার কারণে আকাশপথ বন্ধ–এ কারণে ঢাকা থেকে অন্তত ১০০ ফ্লাইট বাতিল করা হয়েছে। এতে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দেড় হাজারের বেশি সৌদিগামী যাত্রী আটকা পড়েছেন। তাঁদের মধ্যে অনেক প্রবাসী কর্মীর ভিসার মেয়াদ শেষ হওয়ার পথে, আবার অনেকের ছুটি শেষ হয়ে আসছে। সময়মতো গন্তব্যে পৌঁছতে না পারলে চাকরি, ভিসা ও কর্মস্থলে যোগদান নিয়ে অনিশ্চয়তায় রয়েছেন তাঁরা। বিশেষজ্ঞমহল মনে করছে, সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত এই আটকে পড়া শ্রমিকের পাশে দাঁড়ানো। এ বিষয়ে ব্র্যাকের সহযোগী পরিচালক (মাইগ্রেশন) শরিফুল ইসলাম হাসান যথার্থই বলেছেন, ‘বর্তমান পরিস্থিতি মোকাবেলায় পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে সার্বক্ষণিক কৌশলগত সেল গঠন করা প্রয়োজন। আটকে পড়া কর্মীদের তালিকা তৈরি, ভিসার মেয়াদ বাড়ানো, জরুরি সহায়তা এবং বিকল্প যাত্রাপথের ব্যবস্থা করতে পারে এই সেল। সংঘাত দীর্ঘ হলে কর্মীদের নিরাপত্তা, দেশে ফিরে আসা শ্রমিকদের পুনর্বাসন এবং নতুন কর্মসংস্থানের সুযোগ নিয়েও আগাম পরিকল্পনা থাকা দরকার।’ বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরে দেশে রেমিট্যান্স এসেছে ৩৫.৫৯ বিলিয়ন ডলার। আগের অর্থবছরে এসেছিল ৩০.৩৩ বিলিয়ন ডলার। এক বছরে প্রবাস আয় বেড়েছে ১৭.৩০ শতাংশ। তবে আমাদের প্রবাস আয়ের বড় অংশ ঘুরেফিরে মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের ওপর নির্ভরশীল। এর মধ্যে সৌদি আরব সবচেয়ে গুরুত্বপূর্ণ। গত অর্থবছরে দেশটি থেকে এসেছে মোট রেমিট্যান্সের ১৬.১৩ শতাংশ। অর্থনীতি বিশ্লেষকরা বলছেন, এই নির্ভরতা অর্থনীতির জন্য একই সঙ্গে শক্তি আবার ঝুঁকিও বটে। বেশ কিছুদিন থেকেই বিশেষজ্ঞমহল দেশে শ্রমবাজারে বৈচিত্র্য আনার পরামর্শ দিয়ে আসছে। গত বুধবার একটি অনুষ্ঠানে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরও এ বিষয়ে জোর দিয়েছেন। তিনি বলেন, মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতি বাংলাদেশের সামনে নতুন চ্যালেঞ্জ তৈরি করেছে। এই প্রেক্ষাপটে শ্রমবাজারে বৈচিত্র্য আনতে ইউরোপ ও এশিয়ার অন্যান্য দেশে কর্মসংস্থানের সুযোগ বাড়াতে হবে।

মাদক-জুয়া বন্ধের ঘোষণা দেয়ায়

গ্রেফতার করা হয়। এদিকে হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে মামলার ২ নম্বর আসামি মো. বারেক ফরাজীকে সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে পদ থেকে বহিষ্কার করেছে মুলাদী উপজেলা ছাত্রদল। উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মহিউদ্দিন ঢালী ও সদস্যসচিব জুলফিকার আহম্মেদ বিলালের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। নিহত শুক্কুর আলী ব্যাপারী উপজেলার গাছুয়া ইউনিয়নের চরধলেশ্বর গ্রামের আব্দুস ছত্তার ব্যাপারীর ছেলে। তিনি ইউনিয়ন বিএনপির সদস্য ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, ইউনিয়নে জুয়া খেলা ও মাদক কারবার বন্ধের ঘোষণা দেওয়ার পর ১৪ অক্টোবর সন্ধ্যায় হামলার শিকার হন শুক্কুর আলী। পরে ১৫ অক্টোবর ভোর ৪টার দিকে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, হত্যার ঘটনায় মামলা হয়েছে এবং একজন আসামিকে গ্রেফতার করা হয়েছে। অন্যদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।

আগৈলঝাড়ায় ৯৭টি প্রাথমিক বিদ্যালয়ের

নতুন নিয়োগ না হওয়ায় এ জট তৈরি হয়েছে। ফলে সহকারী শিক্ষকদের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব সামলাতে গিয়ে পাঠদানের পাশাপাশি সামলাতে হচ্ছে প্রশাসনিক কাজ। প্রধান শিক্ষক একটি বিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনায় মূল ভূমিকা পালন করেন। শিক্ষক-শিক্ষার্থীদের সমন্বয়, পাঠদান তদারকি, দাপ্তরিক কাজ এবং অভিভাবকদের সঙ্গে যোগাযোগ রক্ষার মতো গুরুত্বপূর্ণ দায়িত্বগুলো তাঁদের ওপরই ন্যস্ত থাকে। স্থানীয় অভিভাবকদের অভিযোগ, প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়গুলোতে নিয়মিত তদারকি ও শৃঙ্খলা বজায় রাখা সম্ভব হচ্ছে না। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. মিজানুর রহমান, আবুল কালাম আজাদ, নিহার রঞ্জন বিশ্বাস ও সুচিত্রা রানী বিশ্বাস বলেন, দাপ্তরিক কাজ ও দাপ্তরিক মিটিংয়ের কাজে প্রায়ই শিক্ষা অফিসে যেতে হয়। ফলে আমাদের নিয়মিত ক্লাস মিস হয়। আবার সহকর্মীদেরও অতিরিক্ত ক্লাসের চাপ সামলাতে হয়। দ্বৈত দায়িত্ব পালনে আমরা হিমশিম খাচ্ছি। এ বিষয়ে উপজেলার ভারপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আব্দুল মন্নান মিয়া বলেন, ৩৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকায় প্রশাসনিক তদারকি ও পাঠদান ব্যাহত হওয়ার বিষয়টি আমরা অবগত আছি। শূন্য পদগুলো দ্রুত পূরণের জন্য আমরা নিয়মিত ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে যাচ্ছি। আশা করছি, খুব দ্রুতই এ সংকট নিরসন হবে।

সকল শিক্ষাপ্রতিষ্ঠান ও পাঠাগারে

কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদরাসাসহ সকল শিক্ষাপ্রতিষ্ঠান ও পাঠাগারের জন্য নজরুল রচনাবলি কেনার লক্ষ্যে প্রয়োজন সরকারের নির্দেশনা ও পরিপত্র জারি করা।

আযাদ আলাউদ্দীন
সভাপতি, বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়ন
পরিচালক, বরিশাল সংস্কৃতিকেন্দ্র

আইন-শৃংখলা রক্ষায় পুলিশী অভিযান

নেতৃত্বে মহানগরীর কোন না কোন থানায় অভিযান চলছে। কোন কোন এলাকায় ‘ব্লক রেইড’ও দেয়া হচ্ছে। এক পরিসংখ্যানে জানা গেছে গত আগষ্ট মাসে মহানগরীতে ১৭৭টি মামলার ৩৯৮ আসামী গ্রেফতার করা হয়েছে। যারমধ্যে ৫৩টি মাদক মামলার ৫৯ আসামীও রয়েছে। এসব তৎপড়তার মধ্যে বরিশাল মহানগরীর মাদকের প্রধান আখড়া বালুর মাঠ বস্তির প্রধান মাদক ব্যবসায়ীকেও আটক করেছে পুলিশ। সেপ্টেম্বর মাসে ১৪২ মামলায় ৪১৬ জনকে গ্রেফতার করা হয়। যার মধ্যে ৫১ মাদক মামলার ৫৬ জন রয়েছে। চলতি মাসের প্রথম ১৫ দিনে মহানগরীর ৪টি থানায় ৮১ মামলার বিপরিতে আটক করা হয়েছে ২৪৫ জনকে। যারমধ্যে ১৯ মাদক মামলায় ২৫ জনকে আটক করেছে মহানগর পুলিশ। এসব কারণে সাম্প্রতিককালে সারা দেশে আইন-শৃখলা অবনতির যে মহামারি শুরু হয়েছে, তার থেকে কিছুটা ভাল রয়েছে বরিশাল মহানগরী। তবে এ নগরীতেও শাসক দলের নাম ব্যবহার করে নানা ধরনের চাঁদাবাজদের অপতৎপড়তার অভিযোগ রয়েছে। যদিও বিষয়টি অনেকটাই রাজনৈতিক নেতৃবৃন্দের সদিচ্ছার ওপর নির্ভরশীল বলে নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক দায়িত্বশীল মহল দাবী করেছেন। পাশাপাশি বরিশাল সদর আসনের এমপি, সিটি প্রশাসক ও মহানগর বিএনপির আহবায়ক সহ শাষক দলের অনেক নেতৃবৃন্দই কোন চাঁদাবাজকে দলে আশ্রয়-প্রশ্রয় দেয়া হবে না বলে জানিয়েছেন। তবে এক্ষেত্রে তাদের আরো যোড়াল ভ’মিকা আশা করছেন নগরবাসী। পুলিশী এসব তৎপরতার ফলে সাম্প্রতিককালে বরিশাল মহানগরীতে মাদকের বিপনন ও ব্যববহার কিছুটা কম লক্ষ্য করা গেলেও পার্শ্ববর্তি এলাকাগুলোতে এ অপতৎপড়তা থেমে নেই। যদিও বরিশাল সহ বিভিন্ন জেলা পুলিশ ও গোয়েন্দা পুলিশ সহ এসআরবি প্রতিদিনই কোন না কোন স্থান থেকে গাঁজা সহ বিভিন্ন ধরনের মাদকের চালান আটক করছে, কিন্তু এর বাহকদের আটক করা গেলেও মূল হোতারা সব সময়ই থাকছে ধরা ছোঁয়ার বাইরে। আইন-শৃংখলা রক্ষা সহ তার উন্নয়নে মহানগর পুলিশের মত সমগ্র বরিশাল রেঞ্জের সবগুলো পুলিশ ইউনিটের সঠিক ও কার্যকর পদক্ষেপ গ্রহনের বিকল্প নেই বলেও মনে করছেন ওয়াকিবাহাল মহল। এ সব বিষয়ে বরিশাল মহানগর পুলিশ কমিশনার আবু রায়হান মোঃ সালেহ জানান, ‘আমাদের জনবল সংকট সহ অনেক সীমাবদ্ধতার মধ্যেও আন্তরিকতার সাথে চেষ্টা করে যাচ্ছি জনজীবনে নিরাপত্তা বিধানে। এ লক্ষ্যে যতটুকু প্রয়োজন আমরা সে চূড়ান্ত লক্ষ্য অর্জনেই মাঠে রয়েছি’ বলেও জানান বিএমপি কমিশনার।

শেকড় সাহিত্য সংসদের উদ্যোগে

আঞ্চলিক দৈনিক দক্ষিণাঞ্চল, আজকের বার্তাসহ কয়েকটি দৈনিকের সম্পাদনা বিভাগে কাজ করেন। ১৯৯৭ সালে তিনি হিজলার একটি স্নাতকমানের মাদরাসায় বাংলা প্রভাষকের পদে শিক্ষকতা শুরু করেন। দীর্ঘ বছর তিনি এই নিভৃত প্রতিষ্ঠানে শিক্ষাদানের ব্রত পালন করে আসছেন। তাঁর মেধা ও যোগ্যতায় আরো বড় প্রতিষ্ঠানে চাকুরির সুযোগ থাকলেও তিনি তা করছেন না, কারণ তিনি এক নিভৃতচারি সাধক। প্রচারবিমুখ এই কবি গ্রামীণ প্রকৃতির কাছাকাছি থেকেই সাহিত্যের নিরলস সাধনা করে যাচ্ছেন। গত ১৫ অক্টোবর (বৃহস্পতিবার) ছিলো এ সময়ের অন্যতম সেরা কবি নয়ন আহমেদের জন্মদিন। ১৬ অক্টোবর (শুক্রবার) শেকড় সাহিত্য সংসদের আয়োজনে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে কবির জন্মদিন পালন করা হয়। এতে কবির সাহিত্য ও জীবনকর্ম নিয়ে আলোচনা ও স্বরচিত কবিতা পাঠ করেন আসরে উপস্থিত কবি-সাহিত্যিকগণ। শেকড় সাহিত্য সংসদের সহ-সভাপতি কবি আল হাফিজের সভাপতিত্বে অনুষ্ঠানে কবি নয়ন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল জেলা দক্ষিণ জাসাস ও বাংলাদেশী সাংস্কৃতিক জোটের আহ্বায়ক এসএম সাব্বির নেওয়াজ সাগর ও বাংলাদেশী সাংস্কৃতিক জোটের সদস্য সচিব আযাদ আলাউদ্দীন। আলোচক ছিলেন শেকড় সাহিত্য সংসদের সাধারণ সম্পাদক কবি পথিক মোস্তফা, কবি সজীব তাওহিদ, কবি মৃন্ময় হাসান, প্রবন্ধকার মাহমুদ ইউসুফপ্রমুখ। অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন, এম জামান, হাসিবুর রহমান, মো: নাজিম উদ্দীন, মেহেদি হাসান, ইমানুল ইসলাম রাফসানসহ আরো অনেকে। শেকড় সাহিত্য সংসদের সাধারণ সম্পাদক পথিক মোস্তফা বলেন, কবি নয়ন আহমেদ এই সময়ের অন্যতম সেরা কবি। আমাদের সৌভাগ্য যে, তাঁর মতো একজন খ্যাতিমান কবি শেকড়ের প্রতিষ্ঠাতা সভাপতি। এই সময়ে বাংলাদেশের সকল দৈনিক পত্রিকার সাহিত্য পাতা ও অন্যান্য সাহিত্য ম্যাগাজিন, ওয়েবজিনে নিয়মিত কবি নয়ন আহমেদের কবিতা প্রকাশিত হচ্ছে। আমরা কবি নয়ন আহমেদের নিরোগ দীর্ঘায়ু কামনা করছি।

প্রশ্নফাঁস চক্রে সরকারি দপ্তরের কর্মচারীরা

করা হয়েছে। শুক্রবার (১৬ অক্টোবর) বিকেল সাড়ে ৩টায় এসআরবি মিডিয়া সেন্টারে আয়োজিত এক ব্রিফিংয়ে এসব তথ্য জানান এসআরবি-৩-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল ফায়েজুল আরেফীন। তিনি বলেন, গত ১০ অক্টোবর যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা পদের ২৪২টি শূন্যপদে নিয়োগের বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। এতে আবেদন করেছিলেন ৩ লাখ ১৯ হাজার চাকরিপ্রার্থী। পরীক্ষা সকাল ১১টায় শুরু হওয়ার কথা থাকলেও ওই দিন সকাল ১০টা ৩ মিনিটে প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি নিশ্চিত হওয়ার পর পরীক্ষা স্থগিত করে কর্তৃপক্ষ। ঘটনার পর এসআরবি ছায়া তদন্ত শুরু করে। পরে গোয়েন্দা অনুসন্ধান ও অভিযান চালিয়ে ১৪ থেকে ১৬ অক্টোবর পর্যন্ত রাজধানীর বিভিন্ন এলাকা থেকে সাতজনকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় গত ১১ অক্টোবর যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষ থেকে মতিঝিল থানায় মামলা করা হয়। এসআরবি-৩ অধিনায়ক বলেন, তদন্তে প্রশ্নপত্র সংগ্রহ, উত্তরপত্র তৈরি এবং বিভিন্ন ব্যক্তির কাছে প্রশ্ন বিতরণের সঙ্গে জড়িত একটি সংঘবদ্ধ চক্রের সন্ধান পাওয়া গেছে। চক্রটির সদস্যরা হোয়াটসঅ্যাপে ভুয়া পরিচয় ব্যবহার করে এ ধরনের কর্মকাণ্ড চালাতেন বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে। গ্রেফতার ব্যক্তিদের মধ্যে রয়েছেন পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর মো. রুবেল ইসলাম (৩৩), চাকরিপ্রত্যাশী মো. মফিজুল ইসলাম (২৩), মো. হাসিনুর রহমান সুজন (৩২), এনবিআরের কম্পিউটার অপারেটর এস এম ইমদাদুল ইসলাম (৩৫), প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অফিস সহায়ক আসাদুল ইসলাম (৩৩), এনবিআরের অফিস সহায়ক নূর মোহাম্মদ (৩০) এবং এনবিআরের কম্পিউটার অপারেটর জাহাঙ্গীর (৩৮)। এসআরবির দেওয়া তথ্য অনুযায়ী, গত ১৪ অক্টোবর মতিঝিল এলাকা থেকে রুবেল, মফিজুল ও সুজনকে গ্রেফতার করা হয়। পরে তাদের দেওয়া তথ্য এবং মোবাইল ফোনের চ্যাট পর্যালোচনার ভিত্তিতে উত্তরখান ও মিরপুর-১০ এলাকা থেকে ইমদাদুল ও আসাদুলকে গ্রেফতার করা হয়। পরদিন ১৫ অক্টোবর সাভার থেকে নূর মোহাম্মদকে গ্রেফতার করে এসআরবি-৪। সর্বশেষ ১৬ অক্টোবর মোহাম্মদপুর থেকে জাহাঙ্গীরকে গ্রেফতার করা হয়। সংবাদ সম্মেলনে এসআরবি-৩-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল ফায়েজুল আরেফীন বলেন, প্রাথমিক তদন্তে রুবেল ইসলাম ও মফিজুল ইসলামের মাধ্যমে চক্রটির আর্থিক লেনদেনের তথ্য পাওয়া গেছে। মফিজুল নিজেও চাকরিপ্রত্যাশী। তিনি চক্রের একজনকে ১৭ লাখ টাকা দিয়ে প্রতারিত হয়েছিলেন বলে এসআরবির তথ্যে উল্লেখ করা হয়েছে। পরে বেশি অর্থ উপার্জনের আশায় তিনি চক্রটির সঙ্গে যুক্ত হন বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। ভর্তি-বাণিজ্যসংক্রান্ত অর্থ লেনদেনের সময় তাঁদের গ্রেফতার করা হয় বলে জানিয়েছে সংস্থাটি। গ্রেফতার ব্যক্তিদের মোবাইল ফোনের চ্যাট পর্যালোচনা করে প্রশ্নপত্র ফাঁসের সময় ও বিতরণপ্রক্রিয়া সম্পর্কে তথ্য পাওয়ার কথা জানিয়েছে এসআরবি। এসআরবি-৩-এর অধিনায়কের দাবি, নূর মোহাম্মদ গত ১০ অক্টোবর ভোর ৪টা ৪৩ মিনিটের দিকে একটি সূত্র থেকে প্রশ্নপত্রের অস্পষ্ট ছবি পান। পরে সকাল ৬টা ১৫ মিনিটে জাহাঙ্গীর তাঁকে প্রশ্নপত্রের একটি স্পষ্ট ছবি পাঠান। এরপর নূর মোহাম্মদ প্রশ্নগুলোর উত্তর তৈরি করে জাহাঙ্গীর ও ইমদাদুলকে পাঠান বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে। পরে চক্রের অন্য সদস্যদের মাধ্যমে প্রশ্ন ও উত্তর বিভিন্ন পরীক্ষার্থীর কাছে পৌঁছে দেওয়া হয় বলে জানিয়েছে এসআরবি। এ কাজে রুবেল, মফিজুল, সুজন ও আসাদুলের সম্পৃক্ততার তথ্য পাওয়ার কথাও জানিয়েছে সংস্থাটি। অভিযানে গ্রেফতার ব্যক্তিদের কাছ থেকে ১০০ টাকার ১১৬টি স্ট্যাম্প, ৫০ টাকার চারটি স্ট্যাম্প, প্রশ্নপত্রের এক সেট, বিভিন্ন পরীক্ষার প্রবেশপত্রের ১৯ পাতা, ১০টি সার্টিফিকেট, বিভিন্ন ব্যাংকের চেকের ৪৮ পাতা, একটি ব্যাংক চেক, বিভিন্ন ক্যাটাগরির আরও ১৫টি সনদপত্র, ছয়টি জাতীয় পরিচয়পত্র, আটটি মোবাইল ফোন এবং চার হাজার টাকা নগদ জব্দ করা হয়েছে। এসআরবি জানিয়েছে, গ্রেফতার ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রশ্নপত্র ফাঁসের উৎস, চক্রের অন্য সহযোগী এবং এর সঙ্গে সংশ্লিষ্ট আর্থিক লেনদেনের বিষয়ে তদন্ত চলছে।

রয়ের এজেন্টদের চোখে চোখে

যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান দিপু। এ ছাড়া উপজেলা যুবদল ও বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা সমাবেশে উপস্থিত ছিলেন

পূজা এলে নিরাপত্তা নিয়ে

যার যার ধর্ম সে নির্বিঘ্নে পালন করবে। আমরা সেই দিনটি চাই, যেদিন পূজা এলে নিরাপত্তার বিষয়টি নিয়ে আমাদের ভাবতে হবে না। আমাদের প্রত্যাশা, এবারের দুর্গাপূজা সনাতন ধর্মাবলম্বীরা শান্তি, সম্প্রীতি ও স্বতঃস্ফূর্তভাবে উদযাপন করতে পারবেন। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) দুর্গাপূজা উপলক্ষ্যে পূজা উদযাপন পরিষদের নেতাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেননাহিদ ইসলাম বলেন, পূজা এলেই নিরাপত্তার বিষয়টি সামনে আসে। এর কারণ, মানুষের মধ্যে এক ধরনের আশঙ্কা কাজ করে। এই আশঙ্কা থেকে মুক্ত হয়ে বাংলাদেশের সব ধর্মাবলম্বী যেন তাদের ধর্মীয় উৎসব ও আচার-অনুষ্ঠান নির্বিঘ্নে পালন করতে পারেন, সেটাই তাদের প্রত্যাশা। তিনি বলেন, রাজনৈতিক দল হিসেবে গণ-অভ্যুত্থানের পর থেকে এনসিপি সব সময় পূজায় অংশ নিয়েছে। নিরাপত্তা নিশ্চিত করা কিংবা স্বেচ্ছাসেবক হিসেবে শ্রম দেওয়ার প্রয়োজন হলে দলটি সহযোগিতা করেছে। ইতোমধ্যে সারা দেশে দলের নেতাকর্মীদের সনাতন ধর্মাবলম্বীদের পূজা উদযাপনে সর্বাত্মক সহযোগিতা করার নির্দেশনা দেওয়া হয়েছে। সক্ষমতা অনুযায়ী তাদের পাশে থাকবে এনসিপি। নাহিদ ইসলাম বলেন, আমরা একটি বৈষম্যহীন বাংলাদেশ চাই। ধর্মীয় পরিচয় কিংবা জাতিগত পরিচয়ের ভিত্তিতে এখানে কোনো ভেদাভেদ বা বৈষম্য থাকবে না। প্রত্যেক ধর্মের ও প্রতিটি কমিউনিটির মানুষ নাগরিক মর্যাদার সমান অংশীদার হবেন। তিনি বলেন, ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘুসহ সব কমিউনিটির সঙ্গে রাজনৈতিক দলগুলোর সুসম্পর্ক বজায় রাখা উচিত। ধর্মীয় পরিচয়ের ভিত্তিতে কোথাও বৈষম্যের ঘটনা তাদের নজরে এলে বা তথ্য পেলে এনসিপি এ নিয়ে কথা বলবে। সংসদে ও রাজপথে এ বিষয়ে প্রতিবাদ জানানো হবে। কারণ, দলের মূল দর্শনের সঙ্গে বিষয়টি সম্পৃক্ত। গণ-অভ্যুত্থানের পর বিভিন্ন ঘটনা ঘটেছে উল্লেখ করে নাহিদ ইসলাম বলেন, পূজা বা বিভিন্ন সময়ে ছোট ঘটনাকে বড় করে দেখিয়ে বিশেষত বাংলাদেশের পার্শ্ববর্তী দেশে একধরনের অপপ্রচার চালানো হয়। এ ক্ষেত্রে সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে, যাতে দেশের অভ্যন্তরীণ সম্প্রীতি বজায় থাকে। তিনি বলেন, বিভিন্ন শক্তি পরিকল্পিতভাবে বাংলাদেশের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে চায় এবং দেশের এই চরিত্র বহির্বিশ্বে তুলে ধরতে চায়। এ ধরনের অপচেষ্টা যেন সফল না হয়, সে জন্য সবাইকে দায়িত্বশীল হতে হবে। নাহিদ ইসলাম বলেন, আমাদের দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয় অখণ্ডতার সঙ্গে সাম্প্রদায়িক সম্প্রীতি সম্পর্কিত। আমরা সম্প্রীতি প্রতিষ্ঠা করতে পারলে জাতীয় ঐক্য প্রতিষ্ঠা করতে পারব। ফলে সার্বভৌমত্বের পক্ষে এবং যেকোনো আধিপত্যবাদ, ফ্যাসিবাদ ও স্বৈরাচারের বিরুদ্ধে আমরা সবাই ঐক্যবদ্ধ থাকতে পারব। এবারের শারদীয় দুর্গোৎসব উপলক্ষ্যে পূজা উদযাপন পরিষদের নেতারা এনসিপির কার্যালয়ে এসেছেন উল্লেখ করে তাদের ধন্যবাদ জানান নাহিদ ইসলাম। তিনি বলেন, কেন্দ্রীয় মন্দিরসহ সারা দেশে দলের নেতাকর্মীরা দুর্গাপূজার উৎসবে অংশ নেবেন এবং নিজেদের অবস্থান থেকে সহযোগিতা করবেন। এ সময় পূজা উদযাপন পরিষদের নেতারা বিভিন্ন পূজামণ্ডপের নিমন্ত্রণপত্র এনসিপির আহ্বায়কের কাছে হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সভাপতি অ্যাড. সুব্রত চৌধুরী, সাধারণ সম্পাদক মনিন্দ্র কুমার নাথ, বাংলাদেশ পূজা পরিষদ সভাপতি বাসুদেব ধর, সাধারণ সম্পাদক সন্তোষ শর্মা প্রমুখ।

জনগণ মনে করে জামায়াতে

আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, জনগণ মনে করে জামায়াতে ইসলাম একমাত্র নিরাপত্তার স্থল। শুক্রবার (১৬ অক্টোবর) সকালে গাজীপুর মহানগর জামায়াতের উদ্যোগে ২০২৬ সালের রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। গাজীপুর মহানগর জামায়াতের আমির অধ্যাপক জামাল উদ্দিনের সভাপতিত্বে সম্মেলনটি অনুষ্ঠিত হয়। ডা. শফিকুর রহমান বলেন, ‘আমাদের মাঝে ঐক্য না থাকায় সৌদি আরবসহ বিভিন্ন মুসলিম দেশে রাসুল (সা.)- এর আদর্শ উপেক্ষা করার কারণে মুসলিম বিশ্ব আজ ক্ষতিগ্রস্ত। বর্তমান পরিস্থিতিতে মনে হচ্ছে একনায়কতন্ত্রের হাত থেকে আরেক লুটেরার হাতে ক্ষমতা ন্যস্ত হয়েছে। এর বিপরীতে জনগণ মনে করে জামায়াতে ইসলাম একমাত্র নিরাপত্তার স্থল।’ দেশের রাজনৈতিক পরিস্থিতি নিয়ে জামায়াত আমির বলেন, ‘দেশের মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠিত হয়নি, সমাজে দুর্নীতি, অনিয়ম, অন্যায় ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। গত নির্বাচনের পূর্বে একটি দল বলে বেড়াতো নির্বাচন হয়ে গেলে সব সমস্যার সমাধান হয়ে যাবে। অথচ বর্তমানে সমস্যা দ্বিগুণ হারে বেড়েছে। আপামর জনতার দাবি ছিল ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করা। বিচার ও শিক্ষা বিভাগে অনিয়ম, দুর্নীতি, দলীয়করণ প্রতিষ্ঠিত করেছে। হাসিনার সরকারের দেখানো পথেই বর্তমান সরকার হাঁটছেন। এ সরকার গণভোটকে অস্বীকার করছে এবং জুলাই সনদ বাস্তবায়ন করছেন না। এভাবে চলতে থাকলে আপনাদের গন্তব্য হবে হাসিনার মতোই।’ তিনি আরও বলেন, ‘২০২৪ সালে জামায়াতে ইসলাম ও তরুণ সমাজের প্রত্যাশা ছিল শোষণমুক্ত ও ইনসাফ ভিত্তিক বাংলাদেশ পাবে। যেখানে কোন বৈষম্য থাকবে না। এ সরকারে সময়ে বৈষম্যের নতুন মাত্রা যোগ করেছেন। শিক্ষাঙ্গনে গত সরকারের মতো দলীয়করণ, লুটতরাজ, উন্নয়ন মূলক কর্মকাণ্ডে ভাগ বসাচ্ছেন।’

বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব

সঙ্গে সরকারের প্রতিনিধিদল বৈঠক করে চুক্তির বিষয়গুলো চূড়ান্ত করবে। মূল নীতিগত বিষয়গুলোতে কোনো সমস্যা না থাকলেও আলোচনার মাধ্যমে বিষয়গুলো কীভাবে চূড়ান্ত রূপ পাবে, তা যৌথ কর্মপরিকল্পনার মাধ্যমে নির্ধারিত হবে। শুক্রবার (১৬ অক্টোবর) দুপুরে ব্যাংককে আইএমএফ ও বিশ্বব্যাংক গ্রুপের বার্ষিক সভার ফাঁকে সাংবাদিকদের এসব কথা বলেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। দিনের শুরুতে সিরিকিত আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ব্যাংক অব আমেরিকা, গুগল, আইএমএফ, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক ও মুডিসের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন অর্থমন্ত্রী। এসব বৈঠকে বাংলাদেশের সার্বিক পরিস্থিতি, ঋণসংক্রান্ত বিষয়, আর্থিক খাতের সংস্কারসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। বৈঠক প্রসঙ্গে অর্থমন্ত্রী বলেন, চলতি বছরটি বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আন্তর্জাতিক সংস্থাগুলোও বিষয়টি অনুধাবন করতে পারছে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও বৈশ্বিক সংকট মোকাবিলায় বিশ্বব্যাংক, আইএমএফ এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ (এডিবি) বিভিন্ন আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা ঘনিষ্ঠভাবে কাজ করছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ও কর্মসূচি বাস্তবায়নের কথা পুনর্ব্যক্ত করে অর্থমন্ত্রী জানান, আগামী পাঁচ বছরের জন্য একটি সুনির্দিষ্ট উন্নয়ন কাঠামো চুক্তি তৈরি করা হচ্ছে। এদিন সকালে অনুষ্ঠিত বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট ও আইএমএফের ব্যবস্থাপনা পরিচালকের (এমডি) পূর্ণাঙ্গ অধিবেশনের বক্তব্য প্রসঙ্গে জানতে চাইলে অর্থমন্ত্রী বলেন, বর্তমান বৈশ্বিক সংকটের প্রেক্ষাপটে স্বল্প আয়ের দেশগুলোর জন্য পারস্পরিক সহযোগিতা ও অংশীদারত্বই সবচেয়ে বড় শক্তি। সরকার হিসেবে জনগণের প্রত্যাশা পূরণ এবং দেশের টেকসই উন্নয়নে সব উন্নয়ন সহযোগীর আন্তরিক সমর্থন ও যৌথ প্রয়াস অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন সংস্থা দুটির প্রধানরা।

দুর্গাপূজায় হিন্দু সম্প্রদায়কে

তিনি বলেছেন, ‘ধর্ম যার যার, রাষ্ট্র সবার। ধর্ম যার যার, নিরাপত্তা পাবার অধিকার সবার।’ হিন্দু সম্প্রদায়ের মানুষকে উৎসাহ-উদ্দীপনার সঙ্গে নিশ্চিন্তে ও নিরাপদে দুর্গাপূজার উৎসব উদ্?যাপনের আহ্বানও জানিয়েছেন তিনি। দুর্গাপূজা উপলক্ষে শুক্রবার দেওয়া বাণীতে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। শুভেচ্ছাবার্তায় প্রধানমন্ত্রী বলেন, হিন্দু ধর্মমতে, জগতের মঙ্গল কামনায় দেবী দুর্গা স্বর্গলোক থেকে মর্ত্যলোকে আসেন। তিনি ভক্তদের কল্যাণ সাধন, শত্রুর বিনাশ এবং সৃষ্টিকে লালন করেন। অশুভ শক্তির বিনাশ এবং সত্য ও সুন্দরের আরাধনা শারদীয় দুর্গোৎসবের তাৎপর্যকে অনন্য মাত্রা দিয়েছে। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের বিভিন্ন ধর্মাবলম্বী মানুষ নিজ নিজ ধর্মীয় উৎসব পালন করেন। ধর্মীয় উৎসবের এই আয়োজন দেশের আবহমানকালের ধর্মীয়, সামাজিক মূল্যবোধ ও সংস্কৃতির সৌন্দর্য। ধর্মীয়, সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে বিভিন্ন ধর্ম, গোত্র ও সম্প্রদায়ের মানুষের পারস্পরিক বন্ধুত্ব, সম্প্রীতি, সৌহার্দ্য ও ভ্রাতৃত্বের বন্ধন প্রকাশ পায়। প্রধানমন্ত্রী আরও বলেন, সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার সব ধর্মেরই মূল উপজীব্য। মানবতার কল্যাণও সব ধর্মের অন্যতম শিক্ষা। তাই নিজ নিজ ধর্মীয় বিধান ও সংস্কৃতি চর্চার পাশাপাশি মানুষের প্রতি পারস্পরিক শ্রদ্ধা, সম্মান ও সহমর্মিতা বজায় রেখে সমাজে শান্তির পরিবেশ নিশ্চিত করা জরুরি। প্রধানমন্ত্রী বলেন, হাজারো প্রাণের বিনিময়ে ফ্যাসিস্টের বিতাড়নের পর বাংলাদেশ আবারও গণতন্ত্রের পথে যাত্রা শুরু করেছে। শুরু হয়েছে বাংলাদেশ পুনর্গঠনের বিশাল কর্মযজ্ঞ। দল, মত, ধর্ম ও বর্ণ নির্বিশেষে সব নাগরিকের জন্য কল্যাণমূলক, নিরাপদ ও মানবিক বাংলাদেশ প্রতিষ্ঠা তাঁদের অঙ্গীকার। তারেক রহমান বলেন, সৌহার্দ্য ও সম্প্রীতির বার্তায় সমৃদ্ধ হয়ে উঠুক দেশের বহুমাত্রিক সমাজ ও জীবনবোধ। হিন্দু সম্প্রদায়ের ভাই-বোনেরা যেন উৎসাহ-উদ্দীপনার সঙ্গে নিশ্চিন্তে ও নিরাপদে সারা দেশে দুর্গাপূজার উৎসব উদ্‌যাপন করেন, সেই প্রত্যাশা জানান তিনি।

বিএম কলেজের ছাত্রীনিবাসে মধ্যরাতে

আনুমানিক ১১টা ৫০ মিনিটে ছাত্রীনিবাসের পুকুরপাড়ে এক অপরিচিত ব্যক্তিকে দেখতে পান হলের নাইট গার্ড। বিষয়টি জানাজানি হলে আবাসিক শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। এ সময় বিদ্যুৎ চলে গেলে পরিস্থিতি আরও উদ্বেগজনক হয়ে ওঠে। শিক্ষার্থীরা নিচে নেমে নিজেদের মুঠোফোনের আলো জ্বালিয়ে ওই ব্যক্তিকে খোঁজার চেষ্টা করেন। তবে তাঁকে খুঁজে পাওয়া যায়নি। বিষয়টি হলের সহকারী হল সুপার অধ্যাপক মনিরা আক্তারকে জানানো হলে তিনি দ্রুত শিক্ষার্থীদের কাছে ছুটে যান। পরে শিক্ষার্থীদের নিয়ে দল ভাগ করে রাতভর হলের নিরাপত্তা পর্যবেক্ষণ করেন তিনি। ফজর পর্যন্ত শিক্ষার্থীদের সঙ্গে অবস্থান করেন বলে জানা গেছে। ঘটনার পর পুলিশকে খবর দেওয়া হলে নিকটবর্তী নতুন বাজার পুলিশ ফাঁড়ির কয়েকজন সদস্য সেখানে যান। তবে তাঁদের কয়েকজনের কথা বলার ধরন ও আচরণ নিয়ে অসন্তোষ প্রকাশ করেন শিক্ষার্থীরা। হলের একজন শিক্ষার্থী জানান, একজন নাইট গার্ড বিষয়টি টের পেয়ে সবাইকে সতর্ক করায় আমরা বড় ধরনের বিপদ থেকে রক্ষা পাই। কিন্তু এ ঘটনা আমাদের হলের সার্বিক নিরাপত্তাব্যবস্থা নিয়ে গুরুতর প্রশ্ন তুলেছে। আমরা সিট নবায়ন বাবদ আগে ৪ হাজার ৫০০ টাকা এবং বর্তমানে ৪ হাজার টাকা করে দিই। এরপরও যদি হলে পর্যাপ্ত নিরাপত্তা না থাকে, তাহলে আমাদের দেওয়া অর্থের বিনিময়ে আমরা কী ধরনের নিরাপত্তা পাচ্ছি। সন্ধ্যা ৭টার পর হলে প্রবেশের বিষয়ে বিধি নিষেধ থাকলেও রাতে পুরো হলের নিরাপত্তায় মাত্র একজন গার্ড দায়িত্ব পালন করেন। এই বিধিনিষেধ কি সত্যিই ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করছে, নাকি শুধু তাদের চলাচল সীমিত করছে। একটি ছাত্রীনিবাসে এমন স্পর্শকাতর ঘটনা ঘটার পর প্রশাসনের আরও দ্রুত পদক্ষেপ প্রত্যাশিত ছিল। আমরা রাতে পর্যাপ্ত নিরাপত্তাকর্মী নিয়োগ, হলের প্রতিটি গুরুত্বপূর্ণ স্থানে পর্যাপ্ত আলোর ব্যবস্থা, প্রয়োজনীয় সব জায়গা সিসিটিভি ক্যামেরার আওতায় আনা এবং সিট নবায়ন ও সেশন ফিসহ সংশ্লিষ্ট ফি আদায়ের স্বচ্ছ হিসাব চাই। আমরা আতঙ্ক নিয়ে হলে থাকতে চাই না নিরাপদ পরিবেশ ও প্রশাসনের জবাবদিহি চাই। হলের আরেক শিক্ষার্থী জানান, গত ১ বছরে এই নিয়ে ৩ বার বহিরাগতের প্রবেশ। আমার পাশের রুম থেকে একটি মেয়ের মোবাইল ফোন চুরি হলো তাও আশানুরূপ কোনো ব্যবস্থা কেন নেওয়া হয়নি। প্রায়শই জানালায় ঢিল মেরে কুরুচিপূর্ণ মন্তব্য করা হয় মেয়েদের নিয়ে। সেইফটির কথা চিন্তা করেই বাবা মায়েরা হলে রেখেছে সেই সেইফটি কোথায় কে জানে। পুলিশ সদস্যদের বিরুদ্ধে অসৌজন্যমূলক আচরণের অভিযোগের বিষয়ে নতুন বাজার পুলিশ ফাঁড়ির ইনচার্জ মাহফুজুর রহমানের সাথে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, এটি সম্পূর্ণ ভুল বোঝাবুঝির বিষয়। চোর ঢোকার অভিযোগ পেয়ে আমাদের নাইট ডিউটি পার্টি সেখানে যায়। পরবর্তী সময়ে কথা বলার সময় হয়তো ভিন্ন অর্থ তৈরি হতে পারে কিংবা কোনো স্লিপ অব টাং হয়ে থাকতে পারে, যা নিয়ে শিক্ষার্থীরা ভুল বুঝেছেন। বিষয়টি জানতে পেরে আমি নিজে রাতে ঘটনাস্থলে উপস্থিত হয়ে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলি এবং এই অনাকাঙ্ক্ষিত বিষয়ের জন্য দুঃখ প্রকাশ করি। পুলিশ একটি পেশাদার সংস্থা, এখানে বুলিং করার কোনো সুযোগ নেই। দায়িত্ব পালনকারী কনস্টেবল হয়তো কথা সঠিকভাবে উপস্থাপন করতে পারেননি, কারণ সবার কথা বলার ধরন এক নয়। উদ্ভূত পরিস্থিতি গত রাতেই সমাধান করা হয়েছে। নির্দিষ্ট কারও বিরুদ্ধে কোনো অভিযোগ থাকলে তা ঊর্ধ্বতন কর্মকর্তাদের জানানো হবে। ঘটনাটি ইতিমধ্যে আমি ঊর্ধ্বতন কর্মকর্তাদেরও জানিয়েছি। এদিকে হলের নিরাপত্তাব্যবস্থার বিষয়ে সহকারী হল সুপার জহিরুল ইসলাম বলেন, আমাদের বনমালী ছাত্রীনিবাসের উত্তর ও পশ্চিম পাশ অনেকটা অরক্ষিত। চারদিকে দেয়াল থাকলেও সময়ের সঙ্গে দেয়ালের বাইরের অংশ ভরাট করে উঁচু করা হয়েছে। ফলে দেয়াল টপকে হোস্টেলে প্রবেশ করা সহজ হয়ে গেছে। এই সুযোগই চোরেরা নেয়। উত্তর পশ্চিম দিক দিয়ে ঢুকে এর আগেও হ্যালোজেন লাইটের তার চুরি করা হয়েছে। তবে হলের সীমানাপ্রাচীরের ভেতরে প্রবেশ করলেও ভবনের ভেতরে প্রবেশ করতে পারে না। এ বিষয়ে শিক্ষার্থীরা প্রশাসনের কাছে স্মারকলিপি দিয়েছেন। হলের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করতে আজ রাত ৯টায় অধ্যক্ষ সেখানে আসবেন। এ বিষয়ে বিএম কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বলেন, বনমালী গাঙ্গুলী ছাত্রীনিবাসের নিরাপত্তার বিষয়টি প্রশাসনের নজরে এসেছে। খবরটি পাওয়ার সঙ্গে সঙ্গেই আমি হলের সুপার ও সংশ্লিষ্টদের শিক্ষার্থীদের সঙ্গে কথা বলার নির্দেশ দিয়েছি। এ ঘটনায় নিরাপত্তাব্যবস্থায় কোনো গাফিলতি ছিল কি না, সেটিও খতিয়ে দেখা হবে। তিনি বলেন, আমি নিজে হল পরিদর্শন করব এবং কোথায় কোথায় নিরাপত্তার ঘাটতি রয়েছে, তা পর্যবেক্ষণ করব। শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। প্রয়োজনে সিসিটিভি ক্যামেরা স্থাপনসহ অন্যান্য পদক্ষেপ গ্রহণ করা হবে। এ ঘটনায় যা যা করণীয়, বিএম কলেজ প্রশাসন ইনশাআল্লাহ সবই করবে। শিক্ষার্থীরা বলছেন, শুধু আশ্বাস নয়, হলের নিরাপত্তাব্যবস্থার দৃশ্যমান উন্নয়ন চান তাঁরা। পর্যাপ্ত নিরাপত্তাকর্মী নিয়োগ, ঝুঁকিপূর্ণ স্থানে আলোর ব্যবস্থা, সিসিটিভি ক্যামেরা স্থাপন এবং নিরাপত্তায় দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের জবাবদিহি নিশ্চিত করার মাধ্যমে তাঁদের নিরাপত্তাহীনতা দূর করার দাবি জানিয়েছেন তাঁরা।

জমি বিরোধে বোনের নামে

ও তিন মেয়ে রেখে মারা যান। তাঁর নামে প্রায় ১৬ একর ৬৮ শতক বা তারও বেশি জমি রয়েছে বলে দাবি পরিবারের একাংশের। তাঁদের অভিযোগ, এসব জমির পূর্ণাঙ্গ হিসাব ও প্রয়োজনীয় কাগজপত্র তাঁরা পাচ্ছেন না। মৃত আচমত আলী মোল্লার মেয়ে খতেজা বেগমের স্বামী নূর আলম কান্নাজড়িত কণ্ঠে অভিযোগ করে বলেন, শ্বশুরের মৃত্যুর পর থেকেই তাঁর স্ত্রী ও অন্য বোনেরা ওয়ারিশি সম্পত্তি নিয়ে সমস্যায় পড়েছেন। তিনি জানান, শ্বশুরের বড় ছেলে জসিম মোল্লার কাছ থেকে তিনি চার শতাংশ জমি কিনেছেন। ক্রয় করা জমিসহ তাঁর স্ত্রী খতেজা বেগমের নামে পৈতৃক সূত্রে পাওয়া জমি মিলিয়ে মোট ৬১ শতাংশ জমি রয়েছে বলে তাঁদের দাবি। তাঁর ভাষ্য অনুযায়ী, সংশ্লিষ্ট জমির বিএস খতিয়ান নম্বর ৪৫ ও ৪৮। নূর আলমের অভিযোগ, তাঁর শ্বশুরের নামে প্রায় ৩৪টি খতিয়ান থাকলেও সব জমির হিসাব তাঁদের দেওয়া হচ্ছে না। ২০২৪ সালে ভোলা ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে তাঁর স্ত্রী খতেজা বেগমের বিরুদ্ধে একটি মামলা করা হয়, যার মামলা নম্বর ৬৭৭। ওই মামলায় তাঁরা ১৬ শতাংশ জমি বেশি ভোগদখল করছেন বলে অভিযোগ করা হয়েছে। তবে নূর আলমের দাবি, পুরো সম্পত্তির হিসাব না পাওয়ায় জমির প্রকৃত পরিমাণ সম্পর্কে তাঁদের পক্ষে নিশ্চিত হওয়া কঠিন। তিনি আরও অভিযোগ করেন, জমির ধান কাটতে গেলে তাঁর শ্যালকেরা তাঁকে মারধরের জন্য তেড়ে আসেন। এসব বিরোধের কারণে তাঁরা নিরাপত্তাহীনতা ও আইনি হয়রানির আশঙ্কায় রয়েছেন। অন্যদিকে, খতেজা বেগম বলেন, তাঁর নামে ৬১ শতাংশ জমির বিএস পর্চা রয়েছে। কিন্তু বাবার সম্পত্তির পূর্ণাঙ্গ হিসাব ও কাগজপত্র তিনি পাচ্ছেন না। তাঁর অভিযোগ, ভাইয়েরা জমি ভোগদখল করলেও তাঁদের প্রাপ্য সম্পত্তি বুঝিয়ে দিচ্ছেন না এবং তাঁর বিরুদ্ধে মামলা করেছেন। এ পরিস্থিতিতে হয়রানি থেকে মুক্তি ও বাবার সম্পত্তির সব কাগজপত্র পাওয়ার দাবি জানান তিনি। খতেজা বেগম আরও জানান, নিজেদের অধিকার রক্ষায় তাঁরা বোরহানউদ্দিনের সংশ্লিষ্ট আদালতে পাল্টা মামলা করেছেন, যার সিআর নম্বর ৭৯৩। তবে উভয় পক্ষের অভিযোগের সত্যতা ও জমির প্রকৃত মালিকানা নির্ধারণে সংশ্লিষ্ট দলিলপত্র, খতিয়ান এবং আদালতের নথি যাচাই করা প্রয়োজন। এ বিষয়ে মৃত আচমত আলী মোল্লার ছেলেদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তাঁরা বিষয়টি এড়িয়ে যান। তাঁরা জানান, এ নিয়ে কয়েকবার সালিশ হয়েছে। ভুক্তভোগী পরিবারের দাবি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যেন জমির কাগজপত্র যাচাই করে ওয়ারিশি সম্পত্তির সঠিক হিসাব নির্ধারণ এবং বিরোধের ন্যায়সংগত সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে।

৪৫তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারে

করা হয়েছে। সরকারি কর্ম কমিশনের (পিএসসি) সুপারিশের প্রায় ১০ মাস পর এ নিয়োগ দেওয়া হয়। গত বুধবার (১৪ অক্টোবর) রাতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ অধিশাখা থেকে নিয়োগের আদেশ জারি করা হয়। আদেশ অনুযায়ী, নিয়োগপ্রাপ্তদের আগামী ১ নভেম্বরের মধ্যে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের নির্ধারিত কার্যালয়ে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান না করলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। বাউফলের চন্দ্রপাড়ার মেয়ে ডা. ইফাত জাহান মনামীর এ অর্জন এলাকাবাসীর জন্য গর্বের বিষয়। তাঁর এ সাফল্যে পরিবার-পরিজন ও শুভাকাঙ্ক্ষীরা আনন্দ প্রকাশ করেছেন। নতুন কর্মজীবনে তিনি সততা, নিষ্ঠা ও মানবিকতার সঙ্গে চিকিৎসাসেবা দিয়ে মানুষের কল্যাণে কাজ করবেন–এমন প্রত্যাশা তাঁদের। ডা. ইফাত জাহান মনামীর বাবা আলহাজ আবু ইউসুফ জানান, “মেয়ের এই সাফল্যে একজন বাবা হিসেবে আমি অত্যন্ত আনন্দিত ও গর্বিত। ছোটবেলা থেকেই তার স্বপ্ন ছিল চিকিৎসক হয়ে মানুষের সেবা করা। আজ ৪৫তম বিসিএসের মাধ্যমে স্বাস্থ্য ক্যাডারে সহকারী সার্জন হিসেবে নিয়োগ পাওয়ায় তার সেই স্বপ্ন পূরণের পথে আরও এক ধাপ এগিয়ে গেল। তার এই অর্জনের পেছনে রয়েছে কঠোর পরিশ্রম, অধ্যবসায় ও পরিবারের সবার সহযোগিতা। আমি মহান আল্লাহর কাছে শুকরিয়া আদায় করছি এবং মেয়ের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করছি। সে যেন সততা, নিষ্ঠা ও মানবিকতার সঙ্গে চিকিৎসাসেবা দিয়ে অসহায় ও দরিদ্র মানুষের পাশে দাঁড়াতে পারে, এটাই আমার প্রত্যাশা। আমি চাই, সে শুধু আমাদের পরিবারের নয়, বাউফলসহ সমগ্র বাংলাদেশের মানুষের গর্ব হয়ে উঠুক।

সুপারী বাগানে হাত-পা বাধা

চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে বলে থানা সূত্রে জানা গেছে।

মেঘনায় মাছ শিকারের করায়

আটক প্রত্যেক জেলেকে ২০ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেন। দণ্ডপ্রাপ্ত জেলেরা হলেন মো. রাকিব (২৭), আলাউদ্দিন (৪৯), রাব্বি (২০), মো. সুমন (৩২), মো. ইব্রাহিম (২৫), মনির (২৬), রুবেল (৪০), নিরব (২৯), যোবায়ের (২৭) ও মো. রাকিব (২৫)। তাঁদের সবার বাড়ি লালমোহন উপজেলার ধলীগৌরনগর ইউনিয়নের বিভিন্ন গ্রামে বলে জানা গেছে। এ বিষয়ে তজুমদ্দিন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. বনি আমিন বলেন, মেঘনা নদীতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। নিষেধাজ্ঞার ২২ দিন সরকারি আইন অমান্য করে কেউ মাছ শিকার করলে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন অনুযায়ী তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। এ ক্ষেত্রে কাউকে কোনো ছাড় দেওয়া হবে না।

রাজাপুরে শিশুকে ধর্ষণচেষ্টার

যায়, শিশুটির মা প্রবাসে থাকায় সে নানাবাড়িতে বসবাস করে। অভিযুক্ত ব্যক্তি শিশুটির পরিবারের পরিচিত হওয়ায় পারিবারিক সুসম্পর্কের সুবাদে তার কাছে যাওয়ার সুযোগ পেতেন বলে এজাহারে উল্লেখ করা হয়েছে। এজাহারের অভিযোগ অনুযায়ী, গত ১৬ সেপ্টেম্বর সকাল সাড়ে ১১টার দিকে পূর্ব আঙ্গারিয়া এলাকায় একটি কলাবাগানের পাশে শিশুটিকে ধর্ষণচেষ্টার ঘটনা ঘটে। পরে গত ১১ অক্টোবর দুপুর ৩টার দিকে অভিযুক্ত ব্যক্তির দোকানে নিয়ে শিশুটির সঙ্গে একই ধরনের অপচেষ্টার অভিযোগ ওঠে। এজাহারে আরও বলা হয়, দ্বিতীয় ঘটনার সময় শিশুটির চিৎকার শুনে আশপাশের লোকজন এগিয়ে এলে অভিযুক্ত ব্যক্তি সেখান থেকে সরে যান। পরে শিশুটির পরিবারের সদস্যরা বিষয়টি জানতে পারেন। এরপর শিশুটির বাবা থানায় মামলা করেন। রাজাপুর থানার ওসি সুজন বিশ্বাস বলেন, ধর্ষণচেষ্টার অভিযোগে আনিচ হাওলাদারকে গ্রেফতার করা হয়েছে। শুক্রবার দুপুরে তাঁকে ঝালকাঠি আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

ঢাকা-বরিশাল মহাসড়কের

তৈরি হয়েছে ছোট-বড় গর্ত। এসব খানাখন্দের কারণে হেলেদুলে চলছে যানবাহন। এতে চালক ও যাত্রীদের দুর্ঘটনার ঝুঁকি নিয়ে চলাচল করতে হচ্ছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বারবার সংস্কারের সময় ঠিকাদারি প্রতিষ্ঠানগুলো নিম্নমানের সামগ্রী ব্যবহার করায় অল্প দিনেই সড়কে আবার গর্ত তৈরি হয়। ফলে গুরুত্বপূর্ণ এ মহাসড়কে চলাচল ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ঢাকা-বরিশাল মহাসড়ক দিয়ে প্রতিদিন অন্তত ৩০ হাজার যানবাহন চলাচল করে। দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের দুই থেকে আড়াই লাখ মানুষ প্রতিদিন এ সড়ক ব্যবহার করেন। রাজধানী ঢাকার সঙ্গে এ অঞ্চলের যোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ সড়ক এটি। মহাসড়কের বেহাল অবস্থার কারণে প্রায়ই ছোট-বড় দুর্ঘটনা ঘটছে। চলতি বছরে ২০টি দুর্ঘটনায় অন্তত ৩০ জনের মৃত্যু এবং কয়েক শ মানুষের আহত হওয়ার তথ্য পাওয়া গেছে। এ পরিস্থিতিতে আতঙ্কে রয়েছেন যাত্রী, চালক ও স্থানীয় বাসিন্দারা। সড়ক ও জনপথ বিভাগ জানিয়েছে, টেকেরহাট, মোস্তফাপুর, তাঁতিবাড়ি ও ভুরঘাটা এলাকায় আরসিসি পদ্ধতিতে সড়ক মেরামতের পরিকল্পনা রয়েছে। এ ছাড়া মোস্তফাপুর-পান্তাপাড়া হয়ে পাথুরিয়ারপাড় পর্যন্ত ৯ কিলোমিটার অংশ টেকসইভাবে মেরামতের জন্য চলতি অর্থবছরে ৬৩ কোটি টাকা ব্যয় করা হবে। সাকুরা পরিবহনের চালক নজরুল ইসলাম বলেন, ‘ঢাকা-বরিশাল মহাসড়কের মাদারীপুর অংশের বেহাল দশা। প্রতিমুহূর্তেই আতঙ্কে থাকি। ধীরগতিতে গাড়ি চালালে যাত্রীরা বিরক্ত হন। আর গতি বাড়ালে দুর্ঘটনার ভয় থাকে। আমরা চালকেরা আছি মহাবিপদে।’ বিএম পরিবহনের সুপারভাইজার সৈয়দ বাবু বলেন, ‘প্রতিবছরই এই সড়ক মেরামত করা হয়। কিন্তু এক বৃষ্টিতেই আবার খানাখন্দ তৈরি হয়। কবে আমরা এ অবস্থা থেকে স্থায়ী মুক্তি পাব, সেটি জানা নেই।’ বরিশাল থেকে ঢাকাগামী যাত্রী কবিতা আক্তার বলেন, ‘সড়কের যে অবস্থা, তাতে সুস্থ মানুষও যাতায়াতের সময় অসুস্থ হয়ে যায়। একটু পরপর গর্ত আর খানাখন্দ। এটি দেখার যেন কেউই নেই।’ মাদারীপুর সদর উপজেলার কুলপদ্বী থেকে ঢাকায় যাতায়াত করেন রিপন মিয়া। তিনি বলেন, ‘সড়ক দিয়ে যাতায়াতের সময় দেখি, প্রতিনিয়ত মেরামত বা সংস্কারের কাজ চলছে। কিন্তু সড়কে টেকসই উন্নয়ন হয় না। ঠিকাদারি প্রতিষ্ঠানের কাছ থেকে সঠিকভাবে কাজ আদায় করা গেলে সড়কের খানাখন্দ কমে যাবে।’ মাদারীপুর সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী খ ম নকিবুল বারি বলেন, প্রাথমিক পর্যায়ে নিজস্ব অর্থায়নে ইট, পাথর, সুরকি ও বালু দিয়ে ঝুঁকিপূর্ণ স্থানগুলো মেরামত করা হচ্ছে। এরই মধ্যে ঠিকাদারি প্রতিষ্ঠান নিয়োগের কাজ শেষ হয়েছে। শিগগিরই সড়কটিতে পুরোদমে সংস্কারকাজ শুরু হবে। এতে মানুষের ভোগান্তি কমবে বলে আশা করছেন তারা।

নদী খনন শুরু, পূর্ণাঙ্গ কার্যক্রম শুরুর

তীরে প্রায় সাত একর জমিতে নির্মিত সাইলোটিতে চাল সংরক্ষণের জন্য রয়েছে ১৬টি বিন। ২০২৫ সালের ১০ আগস্ট এটি উদ্বোধন করা হয়। দক্ষিণাঞ্চলে খাদ্য সংরক্ষণের সক্ষমতা বাড়ানো এবং জরুরি পরিস্থিতিতে খাদ্য সরবরাহ সহজ করাই ছিল এর অন্যতম উদ্দেশ্য। কিন্তু জেটির সামনে নদীর নাব্যতা কম থাকায় নৌপথে চাল পরিবহন শুরু করা যায়নি। ফলে সড়ক ও নৌপথ–দুই মাধ্যমে খাদ্য পরিবহনের পরিকল্পনার একটি অংশ এখনো বাস্তবায়িত হয়নি। এই বাধা কাটাতে সাইলো জেটির সম্মুখভাগে প্রায় ৩০০ মিটার এলাকায় নাব্যতা ফিরিয়ে আনতে শুক্রবার (১৬ অক্টোবর) খনন শুরু হয়েছে। এটি শেষ হলে নদীপথে খাদ্য পরিবহনের সুযোগ তৈরি হবে বলে আশা করছে সাইলো কর্তৃপক্ষ। ঠিকাদারি প্রতিষ্ঠানের সহকারী প্রকৌশলী তরিকুল ইসলাম বলেন, ১৭০ মিটার দীর্ঘ জেটির সামনে খনন শেষ হলে কীর্তনখোলা নদীর মূল চ্যানেলে খননকাজ শুরু হবে। দক্ষিণাঞ্চলের বিস্তীর্ণ এলাকায় যোগাযোগের গুরুত্বপূর্ণ মাধ্যম নদীপথ। ঘূর্ণিঝড়, বন্যা কিংবা জলোচ্ছ্বাসে সড়ক যোগাযোগ ক্ষতিগ্রস্ত হলে নৌপথ বিকল্প পরিবহন ব্যবস্থা হিসেবে কাজে আসতে পারে। সে ক্ষেত্রে বরিশালের এই সাইলো থেকে দ্রুত খাদ্য সরবরাহের সুযোগ তৈরি হবে। সাইলো পরিচালনার জন্য প্রয়োজন ৪২ জন কর্মকর্তা-কর্মচারী। গত সেপ্টেম্বরে ৩১টি পদের অনুমোদন পাওয়া গেছে। এর মধ্যে পাঁচটি ক্যাডার ও ২৬টি নন-ক্যাডার পদ। এতদিন বিভিন্ন সাইলো থেকে প্রেষণে আনা ২০ জন কর্মকর্তা-কর্মচারী দিয়ে কার্যক্রম চলছিল। নিরাপত্তার জন্যও প্রয়োজনীয় জনবলের ঘাটতি রয়েছে। সাইলোর ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক রাকেশ বিশ্বাস জানান, ১৫ জন আনসার চাওয়া হয়েছিল। অর্থ মন্ত্রণালয় থেকে ১২ জন নিয়োগের অনুমোদন মিলেছে। তিনি জানান, জনবল সংকটের কারণে দিনের দায়িত্ব পালনের পর কর্মীদের রাতেও পাহারা দিতে হয়। এলাকায় একাধিকবার চুরির ঘটনাও ঘটেছে। নিরাপত্তা-ব্যবস্থা জোরদার হলে সাইলো পরিচালনার কাজ আরও সুশৃঙ্খলভাবে করা সম্ভব হবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা। সাইলোটির পরিচালন ব্যয়ের সংকটও রয়েছে। সাইলো চালুর পর প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় বিদ্যুৎ বিল মেটাতে মোংলা সাইলোর বরাদ্দের ওপর নির্ভর করতে হচ্ছে। চাল ওঠানো-নামানোর শ্রমিকদের বিলসহ দৈনন্দিন খরচের কিছু বিলও বকেয়া রয়েছে। এখন অর্থনৈতিক কোড চালুর মাধ্যমে বরাদ্দ পাওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। নিয়মিত অর্থের সংস্থান হলে বিদ্যুৎ বিল, শ্রমিকের মজুরি ও অন্যান্য পরিচালন ব্যয় মেটানো সহজ হবে বলে আশা করছে কর্তৃপক্ষ। বরিশালের সাইলোর ধারণক্ষমতা ৪৮ হাজার টন। তবে বর্তমানে ৩ হাজার ৫৭ টন চাল মজুত রয়েছে বলে জানিয়েছেন বরিশালের আঞ্চলিক খাদ্য কর্মকর্তা নকীব সাদ সাইফুল ইসলাম। অর্থাৎ মোট ধারণক্ষমতার তুলনায় মজুতের পরিমাণ এখনো খুবই কম। সাইলোর ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক রাকেশ বিশ্বাস জানিয়েছেন, চলতি মাসে দুটি বিনে ৬ হাজার টন চাল সংরক্ষণের প্রস্তুতি নেওয়া হয়েছে। এদিকে সাইফুল ইসলাম জানান, বিভাগের বিভিন্ন খাদ্যগুদামে বর্তমানে ১ লাখ ৯ হাজার টন চাল মজুত রয়েছে। এটি নির্ধারিত লক্ষ্যমাত্রার প্রায় ৭৪ শতাংশ। কিন্তু সাইলোর জন্য আলাদা সংরক্ষণ লক্ষ্যমাত্রা এখনো নির্ধারণ হয়নি। ফলে সেখানে নিয়মিত চাল মজুত করা হচ্ছে না। অর্থাৎ শুধু অবকাঠামো নির্মাণ কিংবা চাল সংরক্ষণের প্রস্তুতি নিলেই সাইলোর পূর্ণ ব্যবহার নিশ্চিত হবে না। কতটা চাল নিয়মিত মজুত থাকবে, কখন মজুত বাড়ানো হবে এবং জরুরি পরিস্থিতিতে কীভাবে তা বিতরণ করা হবে–এসব বিষয়ে সুস্পষ্ট পরিকল্পনাও প্রয়োজন।

জামায়াতে ইসলামী নেতৃত্বে থাকলে একটি

সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি বলেন, ‘জামায়াতে ইসলামী নেতৃত্বে থাকলে সমাজের একটি পরিবারও অবহেলিত থাকবে না।’ তিনি বলেন, বাউফলের জনগণের নির্বাচিত প্রতিনিধি হিসেবে উপজেলার প্রতিটি মানুষকে সমানভাবে বিবেচনা করতে হবে। সবার প্রয়োজনে পাশে দাঁড়াতে হবে। নিজের দায়িত্ববোধ থেকে তিনি প্রতিটি মানুষের খেদমত করে যাবেন। জামায়াতে ইসলামী বৈষম্যহীন ও মানবিক সমাজ বিনির্মাণে কাজ করছে উল্লেখ করে তিনি আরও বলেন, দলমত, ধর্মবর্ণ ও জাতিগোষ্ঠী-নির্বিশেষে সব মানুষকে রাষ্ট্রের নাগরিক হিসেবে সমান সুযোগ-সুবিধা দিতে হবে। জানা গেছে, বাউফল উপজেলার বগা ইউনিয়নের বামনিকাঠি গ্রামের ইউসুফ হাওলাদার (৭০) ও তার স্ত্রী ফুলচান (৬০) দীর্ঘদিন ধরে নানা সংকটের মধ্যে জীবনযাপন করছেন। তাদের বড় ছেলে নুরুল ইসলাম (৩৭) ও বড় মেয়ে রাসেদা (৩২) মানসিক স্বাস্থ্যজনিত সমস্যায় ভুগছেন। ছোট ছেলে সবুজ (১৮) বিভিন্ন শারীরিক জটিলতায় আক্রান্ত। পরিবারের একাধিক সদস্য অসুস্থ হওয়ায় তাদের চিকিৎসা, খাবার ও নিত্যপ্রয়োজনীয় ব্যয় বহন করা অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। পরিবারের সাত সন্তানের মধ্যে মেজো ছেলে জব্বার (২৬) ঢাকার একটি পোশাক কারখানায় কাজ করেন। সীমিত আয় দিয়ে নিজের পরিবারের পাশাপাশি অসুস্থ স্বজনদের সহযোগিতার চেষ্টা করলেও সবার প্রয়োজন মেটানো তার পক্ষে প্রায় অসম্ভব হয়ে পড়েছে। এমন পরিস্থিতিতে সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদের পক্ষ থেকে পরিবারটিকে তাৎক্ষণিক আর্থিক সহায়তা দেওয়ার পাশাপাশি দীর্ঘমেয়াদে স্বাবলম্বী করে তোলার উদ্যোগ নেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে। তাদের জন্য স্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, প্রয়োজনীয় চিকিৎসা এবং সার্বিক কল্যাণে সম্ভাব্য সহযোগিতার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হচ্ছে। অসহায় ও বিপদগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো এবং তাদের স্বাবলম্বী হওয়ার পথ সুগম করার উদ্যোগে স্থানীয়রা সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

জ্বালানি সংকট ও উচ্চসুদের

ঝুঁকি তৈরি হয়েছে। ফলে এশিয়ার দেশগুলোর ঋণ পরিশোধের ব্যয়ও বাড়তে পারে। আইএমএফের আঞ্চলিক পূর্বাভাসে বাংলাদেশে জ্বালানির বাড়তি দামে আমদানি ব্যয় ও ভর্তুকির চাপ বাড়বে, যার প্রভাব পরিবহন, উৎপাদন ও পণ্যের দামে পড়তে পারে বলে মনে করছে সংস্থাটি। ১৫ অক্টোবর ব্যাংককে আইএমএফ-বিশ্বব্যাংকের বার্ষিক সভায় এশিয়ার অর্থনৈতিক ঝুঁকি, বাংলাদেশের সংস্কার ও আন্তর্জাতিক অর্থায়ন গুরুত্বের বিষয়টি উঠে এসেছে। আইএমএফের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় বিভাগ তিনটি প্রধান ঝুঁকির কথা বলেছে। মধ্যপ্রাচ্যের সংঘাত থেকে সৃষ্ট জ্বালানি সংকট, এআই খাতের বিনিয়োগে সম্ভাব্য সংশোধন এবং বৈশ্বিক বন্ড বাজারে সুদের হার বৃদ্ধি। ১৫ অক্টোবর প্রকাশিত আঞ্চলিক পূর্বাভাসে বলা হয়েছে, উদীয়মান এশিয়ার প্রবৃদ্ধি কমে যাওয়ার পেছনে জ্বালানির উচ্চ দামের প্রভাব রয়েছে। অন্যদিকে এআই প্রযুক্তি ও সংশ্লিষ্ট পণ্যের চাহিদা বাড়ায় এ খাতের সরবরাহব্যবস্থার সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত কয়েকটি উন্নত এশীয় অর্থনীতি তুলনামূলক সুবিধা পেতে পারে। আইএমএফের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় বিভাগের পরিচালক কৃষ্ণা শ্রীনিবাসন এ বিষয়ে বলেন, এশিয়ার অর্থনীতিতে তিনটি বড় শক্তি প্রভাব ফেলছে– জ্বালানি ধাক্কা, প্রযুক্তি খাতের উত্থান ও বাণিজ্যের কাঠামোগত পরিবর্তন। ফেব্রুয়ারিতে শুরু হওয়া জ্বালানি সংকট এমন একটি অঞ্চলকে আঘাত করেছে, যা তেল ও গ্যাসের জন্য উল্লেখযোগ্যভাবে আমদানির ওপর নির্ভরশীল। তবে কিছু দেশ তেলের উৎস বহুমুখী করা, চাহিদা কমানো, বিকল্প জ্বালানি ব্যবহার ও মজুত থেকে সরবরাহ বাড়ানোর মাধ্যমে পরিস্থিতি সামলাতে চেষ্টা করেছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, সরবরাহব্যবস্থার বিঘ্ন কমানো ও মানুষের আয় সুরক্ষায়ও নীতিগত পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানান তিনি। এআই অবকাঠামোর চাহিদা বাড়ায় সেমিকন্ডাক্টর বা চিপের চাহিদা ও ডেটা সেন্টারে বিনিয়োগ বেড়েছে। ফলে দক্ষিণ কোরিয়া ও আসিয়ানের কয়েকটি অর্থনীতির প্রবৃদ্ধির পূর্বাভাস উন্নত হয়েছে। কিন্তু প্রযুক্তি খাতের উত্থান থেকে সরাসরি সুবিধা না পাওয়া দেশগুলোর জন্য পরিস্থিতি তুলনামূলক কঠিন হতে পারে। শ্রীনিবাসন আরও বলেন, এশিয়ার দেশগুলোর জন্য তরুণদের কর্মসংস্থান, দক্ষতার ঘাটতি পূরণ, সামাজিক সুরক্ষা জোরদার, জ্বালানি নিরাপত্তা বৃদ্ধি ও আঞ্চলিক অর্থনৈতিক সংযোগ গভীর করা গুরুত্বপূর্ণ। আইএমএফের মতে, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইউরোজোন ও জাপানের মতো বড় অর্থনীতিতে সরকারি ঋণবাজারে চাপ তৈরি হলে তার প্রভাব এশিয়ার বন্ড বাজারেও ছড়াতে পারে। এতে সুদের হার ও ঋণ পরিশোধের ব্যয় বাড়বে। আগে থেকেই উচ্চ ঋণ ও বড় অর্থায়ন চাহিদায় থাকা দেশগুলোর সরকারি অর্থব্যবস্থায় বাড়তি চাপ পড়তে পারে। সংস্থাটি বলেছে, মধ্যপ্রাচ্যের সংঘাত দীর্ঘায়িত হলে পণ্যের দাম উঁচু থাকতে পারে এবং তেলের মজুত কমতে পারে। আবার এআই খাতে বিনিয়োগের প্রত্যাশা পূরণ না হলে প্রযুক্তিপণ্য উৎপাদন ও রপ্তানিনির্ভর অর্থনীতিগুলোও ধাক্কা খেতে পারে। শ্রীনিবাসন কেন্দ্রীয় ব্যাংকগুলোকে মূল্যস্থিতির দিকে নজর রাখতে বলেছেন। মূল্যস্ফীতি দীর্ঘস্থায়ী হলে এবং মূল্যস্ফীতির প্রত্যাশা নিয়ন্ত্রণের বাইরে যাওয়ার ঝুঁকি দেখা দিলে ব্যবস্থা নিতে প্রস্তুত থাকতে হবে বলেও জানান তিনি। সরকারি ব্যয়ের বিষয়ে তার পরামর্শ, সহায়তা হতে হবে লক্ষ্যভিত্তিক ও সাময়িক। জ্বালানির মূল্যবৃদ্ধি মোকাবিলায় সবার জন্য ব্যাপক ভর্তুকি বা ব্যয়বহুল মূল্যনিয়ন্ত্রণ ব্যবস্থা দীর্ঘমেয়াদে সরকারি অর্থের ওপর আরও চাপ তৈরি করতে পারে। আঞ্চলিক পূর্বাভাসের সংবাদ সম্মেলনে আইএমএফের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় বিভাগের উপপরিচালক সোনালি জৈন-চন্দ্র বাংলাদেশের পরিস্থিতি নিয়েও কথা বলেন। তার মতে, বাংলাদেশকে রাজস্ব, আর্থিক খাত ও মূল্যস্ফীতির চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে কঠোর মুদ্রানীতি গুরুত্বপূর্ণ হলেও শুধু তা দিয়ে স্থিতিশীলতা ফেরানো সম্ভব নয়; অন্যান্য সংস্কারও দরকার। আইএমএফ বাংলাদেশের ব্যাংক খাতকে দুর্বল হিসেবে চিহ্নিত করে আর্থিক খাত শক্তিশালী করতে বিশ্বাসযোগ্য কৌশলের ওপর জোর দিয়েছে। সংস্থাটির হিসাবে, বাংলাদেশের রাজস্ব-জিডিপি অনুপাত প্রায় ৭ শতাংশ, যা বিশ্বের অন্যতম নিম্ন হার। সোনালি জৈন-চন্দ্র জানান, বাংলাদেশ সরকার মে মাসে নতুন আইএমএফ-সমর্থিত কর্মসূচির অনুরোধ করেছে। আগের কর্মসূচির আওতায় আর অর্থ ছাড় না নেওয়ার সিদ্ধান্তের পর নতুন কর্মসূচি নিয়ে আলোচনা চলছে। জুলাইয়ে আইএমএফের একটি দল ঢাকায় গিয়ে সংস্কারের বিভিন্ন বিষয়ে আলোচনা করে। এরপরও দুই পক্ষের যোগাযোগ অব্যাহত আছে।

ইরানে পারমাণবিক অস্ত্র ব্যবহারের

বিশাল বোমাটিও পারমাণবিক অস্ত্র নয়। বৃহস্পতিবার মার্কিন সংবাদমাধ্যম নিউজম্যাক্সকে দেওয়া এক সাক্ষাৎকারে ইরানে হামলার জন্য তার প্রশাসন পারমাণবিক বোমা ব্যবহারের বিষয়টি বিবেচনা করছে, এমন প্রতিবেদন নিয়ে প্রশ্ন করা হয় ট্রাম্পকে। সম্ভাব্যভাবে যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর এমন পদক্ষেপ নেওয়া হতে পারে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছিল। জবাবে ট্রাম্প বলেন, আলোচিত বোমাটি প্রচলিত অস্ত্র। ইরানে পারমাণবিক অস্ত্র ব্যবহারের সম্ভাবনা নাকচ করে ট্রাম্প বলেন, ‘না, আমি পারমাণবিক অস্ত্র ব্যবহার করব না। আমাদের তা করার প্রয়োজন নেই।’ ইরানের পারমাণবিক স্থাপনাগুলোতে আরও হামলার সম্ভাবনার কথাও তুলে ধরেন মার্কিন প্রেসিডেন্ট। এর মধ্যে পিক্যাক্স মাউন্টেন নামে পরিচিত একটি সন্দেহভাজন ভূগর্ভস্থ স্থাপনাও রয়েছে। ট্রাম্প বলেন, ‘এখন আমরা পিক্যাক্স মাউন্টেনের বিষয়টি দেখছি। সেখানে আমাদের যেতে হতে পারে। আমরা সেটিতে হামলা চালাব এবং দ্রুত ধ্বংস করে দেব।’ এ ধরনের অভিযানে মার্কিন স্থলসেনা পাঠানো হবে কি না, জানতে চাইলে ট্রাম্প বলেন, ‘না, তেমনটা হবে বলে আমি মনে করি না।’ তিনি বলেন, ইরান যাতে কখনোই পারমাণবিক অস্ত্র তৈরি করতে না পারে, তা নিশ্চিত না করে মার্কিন বাহিনী প্রত্যাহার করা হলে এক বছরের মধ্যে আবারও সামরিক পদক্ষেপ নেওয়ার প্রয়োজন হতে পারে। ট্রাম্প বলেন, ‘আমরা এমন ব্যবস্থা নিতে চাই, যাতে তারা কখনোই পারমাণবিক অস্ত্রের মালিক হতে না পারে।’ ইরানের সঙ্গে যুদ্ধ শিগগির শেষ হবে বলেও পূর্বাভাস দিয়েছেন ট্রাম্প। তার দাবি, তেহরান ওয়াশিংটনের সঙ্গে আলোচনা করছে। ট্রাম্প বলেন, ‘ইরান যুদ্ধ খুব শিগগির শেষ হবে। এটি অল্প সময়ের মধ্যেই শেষ হবে। যেভাবেই হোক, যুদ্ধ দ্রুত শেষ হবে। এরপর তেলের দাম পাথরের মতো দ্রুত পড়ে যাবে, গ্যাসের দামও কমবে।’ ইরানের কর্মকর্তারা যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক অভিযান বন্ধের অনুরোধ জানিয়েছেন বলেও দাবি করেন ট্রাম্প। তিনি বলেন, ‘তারা আমাদের অনুরোধ করেছে, যেন আমরা থামি। আর আমরা থামছি, কারণ তাদের সঙ্গে আলোচনা চলছে।’ ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে তিনি বিশ্বাস করেন কি না, জানতে চাইলে ট্রাম্প বলেন, ‘সত্যি বলতে, আমি কাউকেই বিশ্বাস করি না।’ তিনি আরও বলেন, ‘আমি কাউকেই বিশ্বাস করি না। রাজনীতির জগতে আমি কাউকে বিশ্বাস করি না।’

বাংলাদেশের আন্দোলনের আদলে

গান্ধীকে নিশানা করে তিনি বলেন, গণতন্ত্র রক্ষার নামে অরাজকতার রাজনীতি করছেন রাহুল ও তার মিত্ররা। খবর দ্য হিন্দুর। উত্তর প্রদেশের লক্ষ্ণৌয়ে বিজেপির রাজ্য কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে

নগরীর ৯নং ওয়ার্ডের ঘরবরণ গলিতে আরসিসি ড্রেন ও সিসি রাস্তা নির্মাণকাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। উন্নয়নকাজের জন্য প্রধানমন্ত্রী তারেক রহমান ও সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আখতার জাহান শিরিনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও দোয়া করছেন স্থানীয় বাসিন্দারা -কীর্তনখোলা

আলাপকালে রাজনাথ বলেন, দিল্লিতে সাম্প্রতিক বিক্ষোভ বাংলাদেশের আন্দোলন থেকে অনুপ্রাণিত। তার দাবি, এই বিক্ষোভের উদ্দেশ্য প্রধান নির্বাচন কমিশনার বা ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) নিয়ে প্রতিবাদ নয়; বরং রাজনৈতিক সংঘাতের হাতিয়ার হিসেবে দেশের তরুণদের ব্যবহার করা। রাজনাথ বলেন, ‘বাংলাদেশের আদলে সরকার পরিবর্তনের চেষ্টা চলছে। তারা সংবাদ সম্মেলনে প্রকাশ্যেই বলেছে, সরকার পরিবর্তনের ক্ষেত্রে বাংলাদেশ থেকে অনুপ্রেরণা নিয়েছে। আরেকজন সরকার ফেলে দেওয়ার কথা বলছেন। এতে স্পষ্ট, তাদের একমাত্র লক্ষ্য গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো ধ্বংস করা এবং দেশে অস্থিরতা সৃষ্টি করা।’ ‘সরকার পরিবর্তন’, ‘প্রতিরোধ’ এবং ‘সংসদ থেকে নয়, রাজপথ থেকেই পথ বের হয়’; এ ধরনের বক্তব্যের উল্লেখ করে রাজনাথ বলেন, দিল্লিতে যা ঘটছে, তা অরাজকতা সৃষ্টির মাধ্যমে ভারতের অগ্রযাত্রা ব্যাহত করার নিন্দনীয় প্রচেষ্টা। রাহুল গান্ধীকে উদ্দেশ করে তিনি বলেন, ‘গণতন্ত্র রক্ষার নামে অচলাবস্থার রাজনীতি না করে রাহুলজির উচিত জনমতকে সম্মান করা এবং নিজের রাজনৈতিক ভূমিকা নিয়ে আত্মসমালোচনা করা।’ সংঘাতের পরিবর্তে সংলাপ ও দেশ গঠনের পথ বেছে নেওয়ার পরামর্শও দেন তিনি। রাজনাথের অভিযোগ, পকেটে সংবিধান নিয়ে ঘুরলেও রাহুল গান্ধী এখন অরাজকতা ছড়ানোর চেষ্টা করছেন। তিনি বলেন, গণতন্ত্রের অর্থ অরাজকতা ছড়ানো, সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোর বিশ্বাসযোগ্যতা নষ্ট করা কিংবা দেশের উন্নয়ন বাধাগ্রস্ত করার লাইসেন্স নয়। নির্বাচন কমিশন ও নির্বাচনী প্রক্রিয়াকে কংগ্রেস নিজেদের নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করেছে বলে অভিযোগ করেন রাজনাথ। তিনি বলেন, কংগ্রেসের ইতিহাসে বেশ কিছু কালো অধ্যায় রয়েছে। রাজনাথের দাবি, ১৯৯৩ সালে কংগ্রেস সরকার আকস্মিকভাবে নির্বাচন কমিশনে পরিবর্তন এনে রাতারাতি দুজন নতুন নির্বাচন কমিশনার নিয়োগ দিয়েছিল। তিনি আরও বলেন, সাবেক প্রধান নির্বাচন কমিশনার এন গোপালস্বামী রাষ্ট্রপতিকে চিঠি লিখে নির্বাচন কমিশনার নবীন চাওলাকে অপসারণের সুপারিশ করেছিলেন। চাওলা নির্বাচন কমিশনের সংবেদনশীল তথ্য কংগ্রেস নেতাদের কাছে সরবরাহ করেছেন বলেও অভিযোগ উঠেছিল। রাজনাথের অভিযোগ, কংগ্রেস তখন চাওলাকে সুরক্ষা দেওয়ার পাশাপাশি তাকে প্রধান নির্বাচন কমিশনারও নিয়োগ করেছিল, কারণ তিনি নেহরু-গান্ধী পরিবারের ঘনিষ্ঠ ছিলেন। কংগ্রেসের আমলে নির্বাচন কমিশনারদের নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। এ প্রসঙ্গে সাবেক নির্বাচন কমিশনার এম এস গিলের পরবর্তী সময়ে দুবার কেন্দ্রীয় মন্ত্রী হওয়ার বিষয়টি উল্লেখ করেন।

ভোলার বোরহানউদ্দিনে প্রতিমা ভাঙচুরের ২০১৯ সালের ঘটনা সাম্প্রতিক দাবিতে প্রচার

বোরহানউদ্দিন প্রতিনিধি

সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি সংবাদ প্রতিবেদনের অংশবিশেষ প্রচার করে ক্যাপশনে দাবি করা হয়েছে, ‘দূর্গাপ্রতিমা সহও মন্দীর ভাংচুর, বিএনপি উগ্রবাদী জীহাদীদের,,,, বোরহানউদ্দিন, বাংলাদেশ।’ রিউমর স্ক্যানার টিমের অনুসন্ধানে জানা যায়, ভোলার বোরহানউদ্দিনে প্রতিমা ভাঙচুরের ঘটনাটি সাম্প্রতিক সময়ের নয়? প্রকৃতপক্ষে ২০১৯ সালের ২০ অক্টোবর প্রতিমা ভাঙচুরের ঘটনার প্রেক্ষাপটে ওই সময়ে প্রকাশিত বিবিসি নিউজ বাংলার সংবাদ প্রতিবেদনের একটি অংশ সাম্প্রতিক ঘটনার দৃশ্য দাবিতে প্রচার করা হয়েছে। আলোচিত দাবিতে প্রচারিত ভিডিওর বিষয়ে অনুসন্ধানে সংবাদমাধ্যম ‘বিবিসি নিউজ বাংলার ফেসবুক পেজে ২০১৯ সালের ২২ অক্টোবর প্রকাশিত একটি ভিডিও প্রতিবেদন পাওয়া যায়। ওই প্রতিবেদনের শুরুর অংশের সঙ্গে আলোচিত দাবিতে প্রচারিত ভিডিওর হুবহু মিল পাওয়া যায়। অর্থাৎ, আলোচিত দাবিতে প্রচারিত ভিডিওটি মূলত বিবিসি নিউজ বাংলার এ ভিডিও থেকেই নেওয়া হয়েছে। বিবিসি নিউজ বাংলার পোস্টের ক্যাপশনে বলা হয়, ‘ভোলার বোরহানউদ্দিনে সরেজমিনে গিয়ে হিন্দুদের বাড়িঘরে, মন্দিরে ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা ও অগ্নি সংযোগের প্রমাণ পেয়েছে বিবিসি বাংলা’। এছাড়াও, প্রতিবেদনে বলা হয়, ঘটনাটি ২০১৯ সালের ২০ অক্টোবর ঘটেছে। এরই সূত্র ধরে প্রাসঙ্গিক কি-ওয়ার্ড সার্চ করলে ২০১৯ সালের ২২ অক্টোবর বিবিসি নিউজ বাংলার ওয়েবসাইটে এ বিষয়ে প্রকাশিত একটি প্রতিবেদন পাওয়া যায়। প্রতিবেদনে বলা হয়, সামাজিক যোগাযোগ মাধ্যমে হজরত মুহাম্মদ (সা.)কে হেয় করার অভিযোগকে কেন্দ্র করে ভোলার বোরহানউদ্দিনে সহিংস বিক্ষোভ ও পুলিশের গুলির ঘটনার কিছু পরই সেখানকার হিন্দুদের ব্যবসা প্রতিষ্ঠান, মন্দির এবং বাড়িঘরে হামলা চালায় অজ্ঞাত সংখ্যক বিক্ষুব্ধ ব্যক্তি। এসব হামলায় হতাহতের ঘটনা ঘটেনি। কিন্তু এ সময় মন্দিরে প্রতিমা ভাঙচুর, ব্যবসা প্রতিষ্ঠানে হামলা এবং বসতবাড়িতে অগ্নিসংযোগের ঘটনা ঘটে। অর্থাৎ, এ থেকে স্পষ্ট যে প্রচারিত ভিডিওটি সাম্প্রতিক সময়ের নয় বরং, ২০১৯ সালের ঘটনার। সুতরাং, ভোলার বোরহানউদ্দিনে প্রতিমা ভাঙচুরের সাম্প্রতিক ঘটনার দৃশ্য ২০১৯ সালের ঘটনার ভিডিও প্রচার করা হয়েছে; যা বিভ্রান্তিকর।

বাউফলে টিফিনের রুটিতে ব্লেড পাওয়ার অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে ফিডিং কর্মসূচির আওতায় বিতরণ করা বনরুটির ভেতর ব্লেড পাওয়ার অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৫ অক্টোবর) উপজেলার বাউফল দাসপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণির এক শিক্ষার্থী ও তার মা রুটির ভেতরে ব্লেডটি দেখতে পান বলে দাবি করেছেন। অভিযোগকারী শিক্ষার্থী সন্ধানী শীল (৮) বাউফল পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডে মৃত স্বপন চন্দ্রশীলের মেয়ে। তার মা কলি রানী একটি ছোট চায়ের দোকান চালিয়ে সংসার চালান। সন্ধানীর ভাষ্য, বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে বিদ্যালয় থেকে তাকে রুটি দেওয়া হয়। সে রুটিটি না খেয়ে বাড়িতে নিয়ে আসে। পরে সন্ধ্যায় তার মা রুটিটি ভেঙে তাকে খেতে দেওয়ার সময় রুটির ভেতরে একটি ব্লেড দেখতে পান। বিষয়টি জানার পর বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে যোগাযোগ করা হয় বলে জানিয়েছে তার পরিবার। সন্ধানীর মা কলি রানী বলেন, ‘আমি রুটি ভেঙে দেখি এর ভেতরে পুরোনো ও ভাঙা একটি ব্লেড রয়েছে। পরে আমার দোকানের ক্রেতা ও স্থানীয় লোকজনকে বিষয়টি দেখিয়েছি। শিক্ষকদেরও জানিয়েছি।’ তবে বিদ্যালয়ের শিক্ষক রুমানা বেগম এ ঘটনায় অস্বীকার করেছেন। তিনি বলেন, ‘এ বিষয়ে আমি কিছু জানি না। সন্ধানী খুব চালাক; সে নিজেই রুটির ভেতরে ব্লেড ভরে এমন কথা বলতে পারে।’ এ বিষয়ে জানতে বাউফল উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আখতার হোসেনকে তার মোবাইলে একাধিকবার কল করা হলেও তিনি তা রিসিভ করেননি। উল্লেখ্য, গত ২২ জুলাই গৌরনদী পৌরসভার হরিসেনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির এক ছাত্রী টিফিনের রুটি ছিঁড়ে তার মধ্যে ব্লেড দেখতে পাওয়ার দাবি করলে ঘটনাটি দেশজুড়ে আলোচনার সৃষ্টি হয়। তদন্ত শেষে প্রশাসনের দাবি, ব্লেডটি কারখানা থেকে নয়, শিক্ষার্থীর মাধ্যমেই রুটির মধ্যে যায়।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ১৭ অক্টোবর ২০২৬ ॥ ০১ কার্তিক ১৪৩৩

‘বাংলাদেশের আন্দোলনের আদলে ভারতে সরকার পরিবর্তনের চেষ্টা চলছে’

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের আন্দোলনের আদলে ভারতে সরকার পরিবর্তনের চেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন ভারতের প্রতিরক্ষামন্ত্রী ও বিজেপি নেতা রাজনাথ সিং। শুক্রবার (১৬ অক্টোবর) কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধীদলীয় নেতা রাহুল

৩ এর পাতায় দেখুন

ইরানে পারমাণবিক অস্ত্র ব্যবহারের সম্ভাবনা নাকচ করলেন ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক

ইরানের বিরুদ্ধে পারমাণবিক অস্ত্র ব্যবহার করবেন না বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ওয়াশিংটনের এ ধরনের অস্ত্র ব্যবহারের প্রয়োজন নেই উল্লেখ করে তিনি বলেন, ‘সব বোমার জননী’ নামে পরিচিত

৩ এর পাতায় দেখুন

জ্বালানি সংকট ও উচ্চ সুদের চাপে এশিয়ার প্রবৃদ্ধি, ঝুঁকিতে বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক

জ্বালানি সংকট, বৈশ্বিক সুদের হার বৃদ্ধির চাপ এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) খাতে বিনিয়োগের সম্ভাব্য ধাক্কায় এশিয়াপ্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রবৃদ্ধির ওপর নেতিবাচক প্রভাব পড়তে বা কমে যাওয়ার আশঙ্কা করছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। সংস্থাটির পূর্বাভাস বলছে, ২০২৫ সালে এ অঞ্চলের প্রবৃদ্ধি ৫ শতাংশ থাকলেও ২০২৬ সালে তা ৪.৮ শতাংশ এবং ২০২৭ সালে ৪. ৪ শতাংশে নেমে যেতে পারে। কারণ হিসাবে বলা হচ্ছে মধ্যপ্রাচ্যের সংঘাতের কারণে জ্বালানির দাম দীর্ঘদিন উঁচু থাকলে আমদানিনির্ভর অর্থনীতিগুলো বেশি চাপে পড়বে। এছাড়া সরকারি ঋণ ও ঋণের চাহিদা বাড়ায় বন্ডের সুদ বাড়তি

৩ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কের ৪৭ কিলোমিটার বেহাল, চলতি বছরে ৩০ জনের মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

পদ্মা সেতু চালুর পর ঢাকা-বরিশাল মহাসড়কে যানবাহনের চাপ দুই থেকে তিন গুণ বেড়েছে। তবে সেই তুলনায় সড়কটির আধুনিকায়ন হয়নি। ফলে মাদারীপুরের ভাঙ্গা থেকে কালকিনির ভুরঘাটা পর্যন্ত ৪৭ কিলোমিটার অংশের বিভিন্ন স্থানে পিচ উঠে তৈরি হয়েছে খানাখন্দ। ঝুঁকি নিয়ে চলাচল করছে যানবাহন। চলতি বছর এ মহাসড়কের মাদারীপুর অংশে ২০টি দুর্ঘটনায় অন্তত ৩০ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন কয়েক শ মানুষ। বছরের পর বছর বালু, পাথর ও সুরকি দিয়ে ঝুঁকিপূর্ণ স্থানগুলো মেরামত করা হলেও তা বেশি দিন টিকছে না। স্থায়ী সংস্কারের দাবি জানিয়েছেন চালক, যাত্রী ও স্থানীয় বাসিন্দারা। সড়ক ও জনপথ বিভাগ (সওজ) জানিয়েছে, ঠিকাদার নিয়োগের প্রক্রিয়া শেষ হয়েছে। শিগগিরই পুরোদমে সংস্কারকাজ শুরু হবে। সরেজমিনে দেখা যায়, মহাসড়কের কোথাও উঁচু, কোথাও নিচু। বিভিন্ন স্থানে পিচ উঠে

৩ এর পাতায় দেখুন

নদী খনন শুরু, পূর্ণাঙ্গ কার্যক্রম শুরুর অপেক্ষায় বরিশালের সাইলো

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরের ত্রিশ গোডাউন এলাকায় কীর্তনখোলার তীরে দাঁড়িয়ে আছে ৩৩২ কোটি টাকা ব্যয়ে নির্মিত আধুনিক খাদ্যভাণ্ডার। সড়কপথের পাশাপাশি নদীপথেও এখানে চাল পরিবহন ও দুর্যোগ পরিস্থিতির জন্য মজুতের পরিকল্পনা থেকেই সাইলোটি নির্মাণ করা হয়েছে। কিন্তু জেটির সামনে নদীর নাব্যতা কম থাকায় এখনো নৌপথে চাল পরিবহন শুরু করা যায়নি। কর্তৃপক্ষ জানিয়েছে, কীর্তনখোলা নদীর নদীর নাব্যতা ফিরিয়ে আনতে খননের উদ্যোগ নেওয়া হয়েছে। সাইলো পরিচালনার জন্য ৩১টি পদের অনুমোদন মিলেছে। পাশাপাশি পরিচালন ব্যয় বরাদ্দের প্রক্রিয়াও এগোচ্ছে। ১৬ অক্টোবর বিশ্ব খাদ্য দিবসের প্রাক্কালে দক্ষিণাঞ্চলের দুর্যোগ ব্যবস্থাপনার সম্ভাবনাময় এই অবকাঠামোর পূর্ণাঙ্গ কার্যক্রম দ্রুত চালু সময়ের দাবি হয়ে উঠেছে।

৩ এর পাতায় দেখুন

জামায়াতে ইসলামী নেতৃত্বে থাকলে একটি পরিবারও অবহেলিত থাকবে না: এমপি মাসুদ

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফল উপজেলার বগা ইউনিয়নের বামনিকাঠি গ্রামের অসহায় ইউসুফ হাওলাদারের পরিবারের পাশে দাঁড়িয়েছেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। পরিবারের একাধিক সদস্যের অসুস্থতা, চরম আর্থিক সংকট ও মানবেতর জীবনযাপনের খবর পেয়ে শুক্রবার তিনি তাদের খোঁজখবর নেন। এ সময় তিনি পরিবারটিকে নগদ আর্থিক সহায়তা প্রদান করেন এবং জীবিকা নির্বাহের জন্য স্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আশ্বাস দেন। বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ

৩ এর পাতায় দেখুন

মেঘনায় মাছ শিকার করায় ১০ জেলের ২০ দিনের দণ্ড

তজুমদ্দিন প্রতিনিধি

ভোলার তজুমদ্দিনে মেঘনা নদীতে মৎস্যসম্পদ রক্ষায় পরিচালিত অভিযানে ১০ জেলেকে আটক করেছে মৎস্য বিভাগ। এ সময় মাছ ধরার দুটি ট্রলার জব্দ করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে আটক প্রত্যেক জেলেকে ২০ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। মৎস্য অফিস সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার (১৫ অক্টোবর) বিকেলে তজুমদ্দিন উপজেলা মৎস্য কর্মকর্তা মো. আমির হোসেনের নেতৃত্বে মৎস্য বিভাগের একটি দল মেঘনা নদীর বিভিন্ন এলাকায় অভিযান চালায়। এ সময় মেঘনার বাসনভাঙ্গা চরের দক্ষিণ-পশ্চিম পাশে মাছ শিকার করার সময় ১০ জেলেকে আটক করা হয়। পাশাপাশি মাছ ধরার দুটি ট্রলার জব্দ করে মৎস্য প্রশাসন। পরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও তজুমদ্দিন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. বনি আমিন

৩ এর পাতায় দেখুন

রাজাপুরে শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগে বৃদ্ধ গ্রেফতার

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে ১১ বছর বয়সী এক শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগে মো. আনিচ হাওলাদার (৬৫) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার দুপুরে তাঁকে আদালতে পাঠানো হয়েছে। এ ঘটনায় শিশুটির বাবা বাদী হয়ে রাজাপুর থানায় মামলা করেছেন। গ্রেফতার আনিচ হাওলাদার উপজেলার সদর ইউনিয়নের পূর্ব আঙ্গারিয়া এলাকার মৃত মোক্তার আলী হাওলাদারের ছেলে। বিষয়টি নিশ্চিত করেছেন রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুজন বিশ্বাস। মামলার এজাহার সূত্রে জানা

৩ এর পাতায় দেখুন

মুলাদীতে ঘরে সাপের কামড়ে প্রাণ গেল তরুণীর

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে বসতঘরের অন্ধকারে সাপের কামড়ে মাহমুদা আক্তার কলি (১৯) নামের এক তরুণীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাত পৌনে ৮টার দিকে উপজেলার চরকালেখান ইউনিয়নের ষোলঘর গ্রামের মৃধা বাড়িতে এ ঘটনা ঘটে। মাহমুদা আক্তার কলি ওই গ্রামের মোজাম্মেল হক মৃধার মেয়ে। তিনি ২০২৫ সালে চরকালেখান আদর্শ কলেজ থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। এরপর স্নাতক শ্রেণিতে ভর্তির প্রস্তুতি নিচ্ছিলেন তিনি। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, ঘটনার সময় এলাকায় বিদ্যুৎ ছিল না। ঘরের ভেতর অন্ধকার থাকায় সাপটি কারও নজরে আসেনি। এ সময় ঘরের মধ্যে থাকা সাপটি কলিকে কামড় দেয়। পরে পরিবারের সদস্যরা তাঁকে দ্রুত মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। তবে হাসপাতালে পৌঁছানোর আগেই তাঁর মৃত্যু হয়। মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক শফিকুল ইসলাম শোভন জানান, সাপের কামড়েই ওই তরুণীর মৃত্যু হয়েছে। হাসপাতালে আনার আগেই তাঁর মৃত্যু হয়।

বিএম কলেজের ছাত্রীনিবাসে মধ্যরাতে অপরিচিত ব্যক্তির অনুপ্রবেশ

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ

বরিশালের সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের বনমালী গাঙ্গুলী ছাত্রীনিবাসে গভীর রাতে এক অপরিচিত ব্যক্তিকে (চোর) দেখতে পাওয়াকে কেন্দ্র করে আবাসিক শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। এ ঘটনায় হলের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন তুলেছেন শিক্ষার্থীরা। পাশাপাশি এই ঘটনায় বিষয়ে ঘটনাস্থলে যাওয়া পুলিশ সদস্যদের বিরুদ্ধে অসৌজন্যমূলক আচরণের অভিযোগও করেছেন তাঁরা। তবে পুলিশ বলছে, বিষয়টি ভুল বোঝাবুঝি থেকে হয়েছে এবং তাৎক্ষণিকভাবে সমাধান করা হয়েছে। শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বৃহস্পতিবার ১৫ অক্টোবর রাতে

২ এর পাতায় দেখুন

দুই সিএনজির মুখোমুখি সংঘর্ষে চালক নিহত

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিনে দুই সিএনজির মুখোমুখি সংঘর্ষে মো. আলী (৬০) নামে এক সিএনজি চালক নিহত হয়েছে। এ ঘটনায় আরও ৫ জন আহত হয়েছেন। আহতদের লালমোহন ও বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করানো হয়েছে। শুক্রবার (১৬ অক্টোবর) দুপুরে উপজেলার কাচিয়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের দালাল বাজার এলাকায় এঘটনা ঘটে। নিহত মো. আলী ভোলা সদর উপজেলার শিবপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের মৃত রেজাউল মুন্সির ছেলে নিহতের স্বজনরা জানান, দুপুরে মো. আলী যাত্রী নিয়ে চরফ্যাশন থেকে ভোলার উদ্দেশ্যে রওনা দেন। এসময় বোরহানউদ্দিনের দালাল বাজার এলাকায় পৌঁছালে অপরদিক থেকে আসা একটি সিএনজির সাথে মুখামুখী সংঘর্ষের ঘটনা ঘটে। এতে ঘটনাস্থলে তার মৃত্যু হয় বোরহানউদ্দিন থানার তদন্ত (ওসি) রিপন কুমার সাহা জানান, ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। তবে দুর্ঘটনা কবলিত এলাকা থেকে দুটি সিএনজি উদ্ধার করে থানা হেফাজতে রাখা হয়েছে।

৪৫তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারে সহকারী সার্জন হলেন ড. ইফাত জাহান মনামী

বাউফল প্রতিনিধি

৪৫তম বিসিএসের মাধ্যমে স্বাস্থ্য ক্যাডারে সহকারী সার্জন পদে নিয়োগ পেয়েছেন পটুয়াখালীর বাউফল উপজেলার কৃতী সন্তান ডা. ইফাত জাহান মনামী। তাঁর এ সাফল্যে পরিবার-পরিজন ও এলাকাবাসীর মধ্যে আনন্দের

সৃষ্টি হয়েছে। ডা. ইফাত জাহান মনামী বাউফল পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের চন্দ্রপাড়া এলাকার বাসিন্দা আলহাজ আবু ইউসুফের বড় মেয়ে। সম্প্রতি তিনি ৪৫তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারে সহকারী সার্জন পদে নিয়োগের গেজেট পেয়েছেন। জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, ৪৫তম বিসিএসের মাধ্যমে বিভিন্ন ক্যাডারে মোট ১ হাজার ৭০২ জনকে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি

৩ এর পাতায় দেখুন

জমি বিরোধে বোনের নামে ভাইদের মামলা দেয়ার অভিযোগ

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিন উপজেলার পক্ষিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের মোল্লা বাড়িতে ওয়ারিশি সম্পত্তি নিয়ে বিরোধ দেখা দিয়েছে। নামমাত্র সালিশের মাধ্যমে সম্পত্তি ভোগদখল, জমির হিসাব ও কাগজপত্র না দেওয়া এবং বোনের নামে মামলা করে হয়রানির অভিযোগ উঠেছে ভাইদের বিরুদ্ধে। তবে এ বিষয়ে ভাইদের পক্ষ থেকে অভিযোগের বিস্তারিত জবাব পাওয়া যায়নি। অভিযোগকারী পরিবারের সদস্যদের ভাষ্য অনুযায়ী, মোল্লা বাড়ির মৃত আচমত আলী মোল্লা প্রায় ৩৮ বছর আগে পাঁচ ছেলে

৩ এর পাতায় দেখুন

সুপারী বাগানে হাত-পা বাঁধা অবস্থায় অজ্ঞাত বৃদ্ধ উদ্ধার

চরফ্যাশন প্রতিনিধি

চরফ্যাশন উপজেলার শশীভূষণ থানা এলাকায় সুপারী বাগান থেকে অজ্ঞাত এক বৃদ্ধকে উদ্ধার করল এলাকাবাসী। তারা শশীভূষণ থানায় খবর দিলে করে থানা পুলিশ তাকে উদ্ধার করে নিয়ে যায়। শুক্রবার ১৬ অক্টোবর সকালে এই ঘটনা ঘটে। এলাকা সূত্রে জানা যায়, ভোলার

লালমোহন উপজেলার বদরপুর ইউনিয়ন থেকে দীর্ঘ ৪ মাস ধরে নিখোঁজ ছিল ওই ব্যক্তি। নিখোঁজ থাকার পর শশীভূষণ ৭ নং ওয়ার্ডে একটি সুগারী বাগানে নিয়ে অজ্ঞাত অপহরণকারীরা বৃদ্ধকে মারধর শুরু করে। তার ডাকচিৎকারে এলাকাবাসী এগিয়ে আসলে সন্ত্রাসীরা পালিয়ে যায়। এলাকাবাসী দুর্বৃত্তদের ধাওয়া করেন। জনতার তাড়া খেয়ে হামলাকারীরা দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। পরে হাত পা বাধা মুমূর্ষু অবস্থায় উদ্ধার করা হয়েছে বৃদ্ধকে। অচেতন ও আহত অবস্থায় ওই ব্যক্তিকে উদ্ধার করে স্থানীয় থানা পুলিশকে খবর দেয়। তাকে শশীভূষণ থানা পুলিশের হেফাজতে ও নজরদারিতে রয়েছেন। তার শারীরিক অবস্থা বিবেচনা করে প্রয়োজনীয়

৩ এর পাতায় দেখুন

মুয়াজ্জিন আবশ্যক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, ক্বারি, সুকণ্ঠী ও অভিজ্ঞ মুয়াজ্জিম আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকেল ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি,
পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ
আমানতগঞ্জ , বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
LRACM
EIIN: 137732
Code: 20830
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
আবাসিক
অনাবাসিক
ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে
আলিম শ্রেণিতে
বালক-বালিকা পৃথক শাখায়
ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি
নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮



অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবিস(আমেরিকা)বেইজিং(চীন)
এনআইও(ঢাকা)ফ্যাকো ও গ্লোকোমা
ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউড, ঢাকা
ও.এস.বি ন্যাশনাল কনফারেন্স ও শেবাচি সেবা
পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান:
শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ ও হাসপাতাল বরিশাল
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সদর রোড (হোটেল আলী ইন্টা: এর বিপরীতে) বরিশাল। সিরিয়ালের জন্য: ০১৭৪৩৯৩২০৮৮, ০১৭১৫৮৬৩৭৬৭

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com